বৃহৎ তন্ত্রোক্ত শীতলা পূজাপদ্ধতি

শ্রীমৎ স্বামী প্রকাশানন্দ তীর্থনাথ

CC-0. Agamnigam Digital Preservation Foundation, Chandigarh.

CC-0. Agamnigam Digital Preservation Foundation, Chandigarh.

বৃহৎ তন্ত্রোক্ত শীতলা পূজা পদ্ধতি

শ্রীমৎ স্বামী প্রকাশানন্দ তীর্থনাথঃ



মঙ্গলময়ী মনসা তারাপীঠ যোগাশ্রম

স্থান - করমচাবেলিয়া, পোস্ট - কাষ্ঠডাঙ্গা, থানা - হরিণঘাটা,
জেলা - নদিয়া, পিন - ৭৪১২৫৭
মোবাইল - ৯৭৪৮৩২৮৯৭১।
Email : tantraayogaa@gmail.com//
Website : www.tantrayogaguru.com//

CC-0. Agamnigam Digital Preservation Foundation, Chandigarh.

BRIHAT TANTROKTA SHITALA PUJAPADDHATI
edited by. SRIMAT SWAMI PRAKASHANANDA TIRTHANATH
First Ediction 24th August, 2014,
Price : 330/-

অখণ্ড প্রথম প্রকাশ :
কৌশী অমাবস্যা, ১৪২১ (ইং - ২৪শে আগষ্ট, ২০১৪)।

প্রকাশক :
মঙ্গলময়ী মনসাতারাপীঠ যোগাশ্রম

প্রাপ্তিস্থান :
মঙ্গলময়ী মনসাতারাপীঠ যোগাশ্রম
স্থান - করমচাবেলিয়া, পোষ্ট - কাঠডাঙ্গা, থানা - হরিণঘাটা,
জেলা - নদিয়া, পিন - ৭৪১২৫৭
মোবাইল - ৯৭৪৮০২৮৯৭১
Email : tantraayogaa@gmail.com//
Website : www.tantrayogaguru.com//

মুদ্রক :
লক্ষ্মীনারায়ণ প্রিন্টিং ওয়ার্কস্।
২০৭-এ, বিধান সরণী, কলকাতা - ৬

প্রচ্ছদ এবং কম্পিউটার সেটিং :
মৃদুল সরকার

শব্দগ্রন্থন :
মৃদুল সরকার

গ্রন্থ প্রকাশে বিশেষ সহযোগী :
শঙ্কর মিত্র

মূল্য : ৩৩০ টাকা

বিশেষ লক্ষণীয় বিষয়

লেখকের অনুমতি ছাড়া কেউ এই পুস্তকের নাম, ভিতরের বা কভারের ছবি, সেটিং এবং অন্যান্য বিষয়বস্তুর হুবহু বা আংশিক বাংলা বা অন্য কোন ভাষায় নকল করতে বা পরিবর্তন ও পরিবর্ধন করতে পারবেন না।

CC-0. Agamnigam Digital Preservation Foundation, Chandigarh.

উৎসর্গ

শ্রী শ্রী অন্নপূর্ণা দেবীর শ্রীচরণকমলে

এছাড়া আমার সকল গুরু ব্যাক্তিবর্গের শ্রীচরণে উৎসর্গ করিলাম।

যথাক্রমে— ॐ মাতৃগর্ভ শোধন গুরু ঃ— পাগলা বাবা কৈলাসপতি স্বয়ং।

ॐ ভুমিষ্টর পর শক্তি প্রদানগুরু ঃ— কালিগঞ্জের যোগীসম্রাট সাধুবাবা।

ॐ শ্রী শ্রী মনসা ও শ্রী শ্রী শীতলা প্রদানকারী গুরু ঃ— কালপুর নিবাসী মাতৃ ও গোপাল সাধক শ্রীমদ্ স্বামী লবণ গোঁসাই।

ॐ (বাল্যকালে শক্তিমন্ত্র প্রদানকারী গুরু কিছু সময়ের জন্য এসে মন্ত্র প্রদান করে অদৃশ্য হয়ে যান আজও তাঁর নাম জানা বা সন্ধান পাওয়া যায়নি।)

ॐ বৈষ্ণবগুরু ঃ— শ্রীমদ্ স্বামী সদানন্দ ব্রহ্মচারী।

ॐ কুলগুরু ঃ— শ্রীমদ্ স্বামী সুকুমার গাঙ্গুলী।

ॐ শৈবগুরু ঃ— শ্রীমৎ স্বামী গোপাল মহন্ত।

ॐ তন্ত্রগুরুঃ— শ্রীমৎ স্বামী দেবানন্দ তীর্থনাথঃ।

ॐ হঠযোগগুরু ঃ— শ্রীমৎ স্বামী ননীগোপাল অবধূত।

ॐ ক্রিয়া যোগগুরু (১) ঃ— পরমহংস শ্রী শ্রী পরমেশ যোগানন্দ।

ॐ ক্রিয়া যোগগুরু (২) ঃ— শ্রীমদ্ অশোক কুমার ব্রহ্মচারী।

ॐ বুদ্ধআনাপান যোগক্রিয়া গুরু ঃ— শ্রীমৎ স্বামী অচলানন্দ সরস্বতী।

ॐ সূর্যসাধনগুরু ঃ— শ্রীমৎ স্বামী ভোলানন্দ ভারতী।

ॐ যোগগুরু ঃ— শ্রীমদ্ স্বামী নিশিকান্ত ব্রহ্মচারী।

— শ্রীমৎ স্বামী প্রকাশানন্দ তীর্থনাথঃ

CC-0. Agamnigam Digital Preservation Foundation, Chandigarh.

লেখকের প্রকাশিত গ্রন্থের তালিকা

১।কামাখ্যা পূজা পদ্ধতি। (১)১৮০/-
২।বৃহৎ ভূতশুদ্ধি ক্রিয়া পদ্ধতি। (২) ৩৩০/-
৩।বৃহৎ হোম যজ্ঞ বিধি। (৩) ৩১০/-
৪।মন্ত্র সিদ্ধির গুপ্ত জপ রহস্য। (৪) ২৮০/-
৫।বৃহৎ ভৈরব-ভৈরবী চক্রানুষ্ঠান। (৫) ২৫০/-
৬।নিত্য কামাখ্যা পূজা-পদ্ধতি।২৫০/-
৭।হর-পার্বতী চক্রানুষ্ঠান পূজা-পদ্ধতি।৩৫০/-
৮।কৌল প্রাতকৃত্যম্ ও সন্ধ্যাক্রীয়া।১৫০/-
৯।ভৈরবী রহস্য তারা পূজাপদ্ধতি।৩৩০/-
১০।বৃহৎ তান্ত্রিক মনসা পূজাপদ্ধতি।৩০০/-
১১।বৃহৎ ছিন্নমস্তা পূজাপদ্ধতি।৩৬০/-
১২।বৃহৎ মুণ্ড সাধন প্রক্রিয়া।৪৯০/-
১৩।বৃহৎ চিতা (শ্মশান) সাধন প্রক্রিয়া।৫৮০/-
১৪।বৃহৎ শব সাধন পদ্ধতি।৫১০/-
১৫।শিবলিঙ্গ মাহাত্ম্য।১৫০/-
১৬।রাধাকৃষ্ণ চক্রানুষ্ঠান পূজাবিধি।৩৩০/-

CC-0. Agamnigam Digital Preservation Foundation, Chandigarh.



কৌলচার্য্য/স্বেচ্ছাচারী/হঠ্‌যোগী

/ক্রিয়াযোগী/বুদ্ধর আনাপান ক্রিয়াযোগী/কুলভৈরব

শ্রীমৎ স্বামী প্রকাশানন্দ তীর্থনাথঃ

CC-0. Agamnigam Digital Preservation Foundation, Chandigarh.

লেখকের সংক্ষিপ্ত পরিচিতি

ভারতবর্ষ তথা বাংলার অন্তর্গত নদীয়া জেলাতে ভগবান শ্রী শ্রী চৈতন্য মহাপ্রভুর আবির্ভাব, এইরূপ শ্রী শ্রী বিজয় কৃষ্ণ গোস্বামী, যোগীরাজ শ্যামাচরণ লাহিড়ী, সাধক রামপ্রসাদের ক্রমদীক্ষা থেকে পরমহংস দীক্ষাগুরু আগমবাগীষ কৃষ্ণানন্দের সাধনসিদ্ধপীঠ এই জেলা (শান্তিপুরের আগমেশ্বরী মায়ের মন্দির ও নবদ্বীপের পোড়ামহেশতলা) ও দ্বাপর যুগের থেকে আজও সশরীরে বিরাজমান আরংঘাটা এলাকার মহর্ষি যুগল কিশোর (আনুমানিক সাড়ে ছয় হাজার-এর বেশী বয়স) যোশী মঠে অবস্থান করেছেন কিছুদিন বর্ত্তমানে কৈলাস সরবরে অবস্থান রত। এইরকম বহু প্রাচীন মহাত্মাদের জন্ম জেলাতে ১৯৭৭ সালে ২২ এপ্রিল মধ্য রাত্রে শ্রী বিজয় কৃষ্ণ সরকার ও মাতা শ্রীযুক্ত পাতাসী সরকারের গৃহে এই ধরাধাম আলো করে কল্যাণী তথা হরিণঘাটা থানার অন্তর্গত করমচাবেলিয়া গ্রামে সর্ব্বজীবের উদ্ধারের জন্য বর্তমান কলিযুগের সাধক-সাধিকা কুলের পথ প্রদর্শক হিসাবে জগতের কল্যাণার্থে শিবাংশের অংশভূত ননীগোপাল ক্ষ্যাপাবাবার তথা শ্রীমৎ স্বামী প্রকাশানন্দ তীর্থনাথের আবির্ভাব হন। শৈশব থেকেই অলৌকিক ভাবে বিভিন্ন মুনি-ঋষিদের সহযোগিতায় ও ধ্যান সাধনার মধ্যে থেকেই পড়াশুনা অতি যত্নের সহিত চালিয়ে ছিলেন এবং বিভিন্ন সাধক-সাধিকাদের সান্নিধ্যে এসে বাল্যকাল থেকেই হঠ্যোগ অভ্যাস করেছিলেন। পূজানুষ্ঠানাদির মধ্যে অধিকাংশ সময় কাটাতেন। এইভাবে দৈবকৃপায় বাল্যকাল থেকে অগণিত সাধক-সাধিকা, মহন্ত-মহত্মা, মুনি-ঋষিদের সান্নিধ্যে দীর্ঘকাল কাটাতে কাটাতে তন্ত্র সাধনার সাধনজগতের এক উন্নত শিখরে পৌঁচেছেন তিনি।

ছেলেবেলা থেকেই বিভিন্ন ধরনের লেখার প্রতি টান ছিল অদম্য। বর্তমানে সাধনপথে নেমে তিনি উপলব্ধি করেন যে সাধকের সাধনার জন্য যেমন দরকার ঈশ্বরের প্রতি আস্তিক মনোভাব-তাকে পাওয়ার ব্যাকুলতা তেমনি থাকা চাই সঠিক সাধনালব্ধের জন্য শিক্ষালাভ আর তার জন্য চাই বিভিন্ন প্রকার গ্রন্থ সমূহ। কিন্তু বর্তমান বাজারে সহজ-সরল ব্যাখ্যা সহ সঠিক পূজা পদ্ধতি ও নিয়ম নীতি আলোচনা করা হয়েছে সেই সমস্ত গ্রন্থের সংখ্যা অতি সামান্য। তাই লেখক বিভিন্ন দুষ্প্রাপ্য গ্রন্থ থেকে বিভিন্ন বিষয় সম্বন্ধে তথ্যাদি আরোহন করে এবং নিজের সাধনায় সিদ্ধিলাভের উপায়ে লব্ধ নিয়ম-নীতি ও পূজা পদ্ধতির সূত্র ধরে বহু গ্রন্থ সম্পাদনা করেছেন। যা আগামী দিনের বহু সাধক-সাধিকাদের সাধন পথে অতি অল্প সময়ে অগ্রসর হতে সাহায্য করবে।

CC-0. Agamnigam Digital Preservation Foundation, Chandigarh.

সাধকের সাধনভূমিতে গুপ্ত তন্ত্র সাধনার পঁচিশমুন্ডি আসন, বিল্বমূল সাধন, পঞ্চমুন্ডি আসন, পঞ্চবটী আসন, কুলতরু আসন, কল্পতরু আসন ও চীতা সাধন ক্ষেত্র অবস্থান আছে। এছাড়া পূর্ণাভিষিক্তদের জন্য মহাপাত্র, মহাশঙ্খমালা, কারণ ঘট, শক্তিঘট, যোনিকোষা ও বিশ্বামিত্র পাত্র প্রভৃতি মহামূল্যবান বস্তু সমূহ সাধকদের সাধনার জন্য সহযোগিতা পেতে পারেন স্বয়ং লেখক তথা সাধকের কাছ থেকে।

সাধকের সাধনভূমিতেই চৈত্রমাসের চতুর্দ্দশীতে ও অমাবস্যাতে শ্রী শ্রী মনসাতারা, শ্রী শ্রী শীতলা দেবী ও শ্রী শ্রী কামাখ্যা দেবীর সঙ্গে অন্য সকল দেবদেবীদের বাৎসরিক পূজানুষ্ঠান ও মেলা হয়।

আশ্রমের আগামীদিনের পরিকল্পনা ঃ—

বর্ত্তমানের হাত ধরে আসা হাঁটি হাঁটি পা পা ভবিষ্যতের সময়কাল। সেই ভবিষ্যতের লক্ষ্যে সকলেরই একটা অন্য চিন্তা থাকে। সেরকমই বর্ত্তমান আশ্রমের যেরূপ অবস্থা-ই থাকুকনা কেন, ভবিষ্যতের কিছু পরিকল্পনা আছে এই আশ্রমকে ঘিরে যা সময়ে মায়ের আশির্বাদে নিজের জায়গা আশাকরি করে নিতে পারবে। সাধক তথা সাধারণ পূণ্যলোভী ব্যক্তি সকলেরই প্রিয় স্থান হয়ে উঠবে এই আশ্রম।

প্রথমত, ৫১ দেবী পীঠের পীঠস্থান ও তার সাথে অন্যান্য দেবীদের নিয়ে ১০৮ দেবী পীঠের পীঠস্থান করা হবে এমন পরিকল্পনা আছে। এছাড়া ঐ সকল দেবীদের ভৈরবদিগের মন্দির নির্মাণ করার পরিকল্পনাও আছে। এছাড়া বিশ্বের প্রধান প্রধান ধর্ম প্রবর্তক তথা ধর্ম বা মতবাদ সৃষ্টিকারীদের মূর্ত্তি স্থাপন করবার চিন্তা নেওয়া হয়েছে।

ভাবি সাধকদের সাহায্যের জন্য আশ্রমের প্রতিটি আসন অর্থাৎ পঁচিশ মুণ্ডির আসনকে একশো আট মুণ্ডির স্থপনা করা, বিল্বমূল সাধন ক্ষেত্র, কুলুতরু আসন, পঞ্চবটি আসন ইত্যাদি অতি জাগ্রত করবার ইচ্ছাও আছে প্রবল। যাতে সিদ্ধিলাভের আশায় আগত সাধকদের মনবাঞ্ছা পূরণ হয়।

এছাড়াও আশ্রম সংলগ্ন যোগাশ্রম করবার পরিকল্পনা আছে। যেখানে সাধক তথা ধর্মপ্রাণ ব্যাক্তি থেকে শুরু করে গৃহী ব্যক্তি, যুবক-যুবতী, ছাত্র-ছাত্রীগণ যোগাসন, যোগ-ব্যায়াম, ব্রহ্মচর্য পালন ইত্যাদির মাধ্যমে নিজ শরীরকে সুস্থ ও সমাজে সুপ্রতিষ্ঠ হয়ে সুদীর্ঘ জীবন সুন্দর ভাবে অতিবাহিত করতে সক্ষম হতে পারে।

এছাড়া অনাথাশ্রম ও বৃদ্ধাশ্রম করবার পরিকল্পনাও গ্রহন করা হয়েছে সমাজের সামাজিক দায়বদ্ধতার পরিপ্রেক্ষিতে। সমাজের অবহেলিত অনাথ বাচ্চাদের আশ্রয় সুদৃঢ় করার জন্য ও ছেলে-বৌ বা মেয়ে-জামায়ের কু-দৃষ্টির প্রকোপে পড়ে বিপর্যস্ত পিতা-মাতার শেষ জীবনের আশ্রয়স্থল তথা পরকালের পূণ্যার্জনের রাস্তা দেখাতে আমাদের আনাথাশ্রম ও বৃদ্ধাশ্রম করবার আশা আছে আগামীদিনের রবিকরোজ্জ্বল প্রভাতের প্রারম্ভে।

CC-0. Agamnigam Digital Preservation Foundation, Chandigarh.

এছাড়া সমাজের অবহেলিত, বিপর্যস্ত, সময়ের কড়াশাষনে দীশাহীন ব্যাক্তিগণের সাহায্যের জন্যও আশ্রমের পরিকল্পনা আছে।

যাইহোক, আশ্রমের তথা আশ্রম সংলগ্ন প্রভূত ভাবিপরিকল্পনা একা কারোর পক্ষে বাস্তবে রূপদান করা সম্ভব নয়। তাই ধর্মপ্রাণ ব্যাক্তি, সমাজের কাছে দায়বদ্ধ আছি আমিও এই ধারণা যাঁর বা যাঁদের আছে, আশ্রমের উন্নতিতে সাহায্যের হাত বাড়াতে ইচ্ছুক ব্যাক্তিগণের দুহাত উজার করা ভালোবাসা ও সহোযোগীতা অবশ্যই ভবিষ্যতের পরিকল্পনাকে বাস্তবায়িত করতে সাহায্য করবে। এছাড়া এই স্থানের দেবীর শ্রীচরণে আশ্রয় নিয়ে জীবনের বাকি দিনগুলি অতিবাহিত করার জন্য ইচ্ছুক ব্যক্তিগণের সাহায্যও আশাকরা যায়।

সৎ ও নিষ্ঠাবান সাধক-সাধিকাগণের আহ্বান ঃ—

সৎ ও উচ্চ কৌল সাধক-সাধিকাগণ তথা পূর্ণাভিষিক্ত বা ক্রম দীক্ষা হইতে বিভিন্ন সাধনের দীক্ষা পর্ব পার হইয়া ক্রমশঃ পরমহংস দীক্ষা পর্ব অতিক্রম করিয়াছেন বা করিবেন এইরূপ সাধক-সাধিকাগণ জগতের কল্যাণার্থে জীব তথা মানবজাতির চরম ও পরম উন্নতির পথের সহায়ক হিসাবে আসিয়া পশ্চিমবঙ্গ তথা ভারতবর্ষকে বিশ্বের দরবারে শ্রেষ্ঠ আসন লাভের পন্থা তৈয়ারি করাইতে পারেন। তাহার দিকে দৃষ্টি রাখিয়া আমরা সাধক গণ এক যোগে বিশ্ব কল্যাণের কাজে হাত দিতে পারি। ইহার জন্য সকল সাধনপ্রাণ ব্যক্তি তথা সাধকব্যক্তি সকলকে সাদর আমন্ত্রণ জানানো হইতেছে। একমাত্র সৎসাধকদেরকেই সাদর আহ্বান করা হইতেছে।

ইতি—

শ্রী শ্রী গুরু ও দেবী অভিন্ন পাদপদ্ম কৃপাধন্য

কৌলচার্য্য/স্বেচ্ছাচারী/হঠ্যোগী/ক্রিয়াযোগী/বুদ্ধর আনাপান ক্রিয়াযোগী/কুলভৈরব

শ্রীমৎ স্বামী প্রকাশানন্দ তীর্থনাথঃ

সাধনভূমি ঃ-

মঙ্গলময়ী মনসা তারাপীঠ যোগাশ্রম

স্থান - করমচাবেলিয়া, পোষ্ট - কাষ্ঠডাঙ্গা,

থানা - হরিণঘাটা, জেলা - নদিয়া, পিন - ৭৪১২৫৭

মোবাইল - ৯৭৪৮৩২৮৯৭১/৯৬০৯৩৫৭১৯৯।

Email ID : tantraayogaa@gmail.com

Website : www.tantrayogaguru.com

CC-0. Agamnigam Digital Preservation Foundation, Chandigarh.

ভূমিকা

যোগসাধন দ্বারা কুন্ডলিনী শক্তির জাগরনের পরই তন্ত্রসাধনায় এক এক করিয়া সকল দেব-দেবীকে সিদ্ধি দ্বারা নিজ বশে রাখা যাইতে পারে। যেমন - শ্বেতবরাহ কল্পে বিষ্ণুক্রান্তার চৌষট্টি তন্ত্রই আমাদের পূর্বভারতের পক্ষে ফলদায়ক হইবে। চক্রতন্ত্রের অন্যসকল কল্পে যেমন - কালীবিলাস, জ্ঞানতন্ত্রং বামকেশ্বর তন্ত্রভৈরব-চক্রতন্ত্র বিশেষভাবে উল্লেখ আছে আমাদের বিষ্ণুক্রান্তার কোন ফল হইবেনা। বর্তমান কলিকালে পশু ও দিব্যভাব নাই, কেবল বীরভাবের সাধনাই প্রত্যক্ষ ফলপ্রদ। কলিকালে কুলাচার ব্যাতিত কোন সাধনাই সিদ্ধিলাভ হইবে না। অতএব সকল প্রকার সাধকের একমাত্র শ্রেষ্ঠ কৌলাচার পথ অবলম্বন করিয়া কুলসাধনা করা কর্ত্তব্য।

কোন এক সময়ে কৈলাসপতি দেবী পার্বতীকে জানাইয়াছিলেন যে, জম্বুদীপে কারণ সুধাদ্বারা সাধনসিদ্ধি হইবে, আর অঙ্গ, বঙ্গ ও কলিঙ্গ প্রদেশে শক্তি বা দেবী আরধনায় কৌলপ্রথায় সিদ্ধলাভ হইবে এবং গৌড় শল্ল ও দশার্ণ প্রদেশে পশুভাবে সিদ্ধি লাভ করিবে সাধকরা।

শূদ্র ব্যক্তি সত্যযুগে, বৈশ্য ত্রেতাযুগে, ক্ষত্রিয় দ্বাপরযুগে এবং ব্রাহ্মণ ব্যক্তি কলিযুগে সর্বদা মদ্য, মাংস, মৎস, মুদ্রা, মৈথুন দ্বারা সাধনা করিবেন।

দেবী বা শক্তি সাধনাই সকল সাধনার শ্রেষ্ঠ সাধনা। এই সাধনা করিতে হইলে সাধকদিগের সেই মন ও ক্ষমতা বিবেচনা করিয়াই অগ্রসর হইতে হইবে। কোন কারনবশতঃ দেবীসাধক সাধনার উপকরণ অভাবে যদি সূর্য্য, গণেশ, বিষ্ণু বা মহেশ্বর এদের মধ্যে মনোমত যে কোন দেবতার সাধনায় লিপ্ত হন তাহা হইলেও সেই সমস্ত সাধকরা সিদ্ধিলাভ করিতে পারিবে না। কারণ দেবী সাধনাই উচ্চমার্গের সাধনা ইহাতে মন নিবেশ করিয়া অগ্রসর হইলে সেই সাধনাতেই তাহাকে এই জন্মের মত তাহাতেই তনু-মন সবই সমর্পন করিতে হইবে এবং ইহাতেই সেই সাধকের মুক্তি।

সকলের রুচি সমান নয় বলিয়া বেদ ও তন্ত্রাদি শাস্ত্রেই পরমব্রহ্মের উপাসনার জন্য পাঁচ প্রকার সাধন মূর্ত্তি ধার্য্য করা হইয়াছে। তাহার মধ্যে যাহার যে মূর্ত্তিতে অভিরুচি তিনি সেই প্রকার সাধনা করিতে পারেন।

সকলকে যে দেবী বা শক্তির আরাধনা করিতেই হইবে এরূপ কোন কথায়ই নয়। যিনি পূর্ব্ব পূর্ব্বজন্মান্তরে অপর চারপ্রকার দেবের সাধনা সম্পূর্ন করিয়াছেন, কেবলমাত্র তাহারাই দেবীর আরাধনার জন্য চিত্তে সাড়া পাবেন এবং তিনিই দেবীর সাধনায় মগ্ন হইতে পারিবেন। তাহা ভিন্ন অন্য কাহারও শক্তি সাধনায় বিশ্বাস জন্মায় না বা জন্মিতে পারেনা।

CC-0. Agamnigam Digital Preservation Foundation, Chandigarh.

এদিকে আবার সকল পঞ্চমূর্ত্তিকে সমান চিত্তে গ্রহন করিতে হইবে। কারন, শিক্ষাগ্রহনের জন্য সকলকে প্রয়োজন এক্ষেত্রে কেহ উচ্চ-নিম্ন গন্য হইবে না। পঞ্চমূর্ত্তিব্রহ্মের পঞ্চ অঙ্গ স্বরূপ, সুতরাং কোন অঙ্গকে নিন্দা করিলে ব্রহ্মাকে নিন্দা করা হয় এবং কোন অঙ্গকে স্তবস্তুতি করিলেও সেই ব্রহ্মেরই স্তুতি করা হয়, যেমন—

"শিবো মমাত্মা মম শক্তিরাদ্যা, জ্ঞানং গণেশো মম চক্ষুরর্কঃ।
বিভেদভাবং ময়ি যে ভজন্তি, মমাঙ্গহীনং কলয়ন্তিমন্দাঃ।।" — তন্ত্রবাক্য।

এক্ষেত্রে বলা হইয়াছে যে শিব আমার আত্মা, আদ্যাশক্তি আমার জীবনশক্তি, গণেশ আমার জ্ঞান এবং সূর্য্য আমার চক্ষু। সকলের মধ্যে এই অঙ্গ যে সাধক ভিন্ন ভাবে ভজনা করেন, তিনি অতিনিম্ন ও মূঢ়। কারন তিনি আমার প্রিয় অঙ্গহানি করিয়া পাপ গ্রহণ করিতেছে।

ভগবতী, নারায়ণ ও ব্রহ্মা এই তিনটি মূর্ত্তির অর্থ একই প্রকার — এখানে কেবল কার্যক্ষেত্রে রূপভেদ হইয়াছে। তাহা ছাড়া অন্য ভেদাভেদ হইতে পারেনা। কার্য বলিতে সাধন প্রণালীর নিম্নস্তর উচ্চস্তর ভাবের ধারা প্রবাহ আছে। যোগসাধন দ্বারা দেবারাধনার ক্ষেত্রে মানবদেহের পদতল হইতে মস্তকের উর্দ্ধ ও মস্তক হইতে পদতল পর্যন্ত প্রধান অষ্টচক্র সাধনপ্রণালী আছে। এক্ষেত্রে প্রথম নাভিদেশে ব্রহ্মা, তৎপরে হৃদয়ে বিষ্ণু এবং সর্ব্বশেষে ললাটে কৈলাসপতি স্বয়ম্ভর ধ্যান করিতে হয়।

যেমন গুহ্যক্ষেত্রকে মূলাধার চক্র বলা হয়, এই চক্রে সাবিত্রীর সহিত ব্রহ্মা অধিষ্ঠিত। লিঙ্গমূলে স্বাধিষ্ঠান চক্রে লক্ষীর সহিত নারায়ণের বিরাজ ক্ষেত্রে। নাভিমূলে মণিপুর চক্রে ভদ্রকালীর সহিত রুদ্র অবস্থিত আছেন। হৃদয়ে অনাহন চক্রে ভুবনেশ্বরী শক্তির সহিত ঈশ্বর নামক শিব আছেন। কণ্ঠদেশে বিশুদ্ধ চক্রে অর্দ্ধনারীশ্বর নামক শিবশক্তি আছেন ও ভ্রূযুগলের মধ্যে আজ্ঞাচক্রে সিদ্ধকালী সহিত পরমশিব আছেন। এই ষট্‌চক্রের উর্দ্ধে শিরস্থানে ব্রহ্মরন্ধ্রে সহস্রদলপদ্মে পরমশিবের স্থান কৈলাস ক্ষেত্র। মূলাধার চক্র হইতে শুরু করিয়া ক্রমে ক্রমে সহস্রবার পর্য্যন্ত সাধকগণ ভজনা করিয়া থাকেন। সুতরাং এই সকল স্থানে সাধন প্রণালী নিম্ন উচ্চভাবে দেখিতে পাওয়া যায়না। তাহা হইলে মূর্ত্তির মধ্যে ছোট বড় বলিয়া কোনরূপ ভেদ হইতে পারেনা।

সকলের জ্ঞান, শ্রদ্ধা, ভক্তি ও বিশ্বাস সমান হইতে পারেনা বলিয়া ব্রহ্ম নিম্নস্তর হইতে ধীরে ধীরে উচ্চস্তর সাধনার জন্য উপাসনা প্রণালী পঞ্চবিধ হইয়াছে এবং তাহা বলিয়াও স্বতন্ত্র হইয়াছেন। জগতের রীতি এই যে, সকল বিষয়ই ক্রমে ক্রমে তাহার উন্নতি ঘটে। যে বিষয় নিয়ে আলোচনা কর, দেখিতে পাইবে যে, তাহার কোন অংশই এককালীন হয় নাই। এবং হইবার উপায়ও নাই। এজন্য সাধন প্রণালীও প্রথমে নিম্ন সোপান হইতে আবদ্ধ হইয়া ক্রমশঃ উচ্চতর সোপানে বিভক্ত হইয়াছে, এই বিভাগের নাম সম্প্রদায়। ব্রহ্মের প্রথম মূর্ত্তি সূর্য্য; যাহারা সূর্য্যের আরাধনা করেন তাহাদের সৌর সম্প্রদায় বলা হয়, দ্বিতীয় মূর্ত্তি গনপতি; যাহারা গণেশের আরাধনা করেন তাহারা গনপত্য সম্প্রদায়, তৃতীয় মূর্ত্তি বিষ্ণু; যাহারা বিষ্ণুর আরাধনা করেন তাহারা বৈষ্ণব সম্প্রদায়, চতুর্থ মূর্ত্তি শিব; যাহারা শিব আরাধনা করেন তাহারা শৈব সম্প্রদায় এবং পঞ্চম মূর্ত্তিশক্তি, যাহারা শক্তি আরাধনা করেন তাহারা শাক্ত সম্প্রদায় বলিয়া বিবেচিত হয়। এইরূপ পদ্ধতিতে নিম্ন শ্রেণী হইতে উচ্চশ্রেণীর পরমব্রহ্মের পঞ্চপ্রকার মূর্ত্তির উপাসনার জন্য প্রাথমিকভাবে ভিন্ন ভিন্ন প্রণালীতে সাধনা থাকিলেও কৌলব্যাকুল পঞ্চপোচারে এসে মিলন ক্ষেত্র হিসাবে গণ্য হইয়াছে।

CC-0. Agamnigam Digital Preservation Foundation, Chandigarh.

সাধন প্রণালীতে প্রথম সূর্য্য, দ্বিতীয় গণপতি, তৃতীয় বিষ্ণু, চতুর্থ শৈব এবং পঞ্চম ভগবতী মহামায়ার সাধনাতেই পরম ও চরম মুক্তি। এই পঞ্চ দেবতা ভিন্ন অন্য কোন দেবতা (ইন্দ্র, বরুন, বায়ু, চন্দ্র, গ্রহ, নক্ষত্র)-র সাধনা দ্বারা মুক্তি হইতে বা তাহারা মুক্তি দিতে পারেনা। এই পঞ্চদেবতার মধ্যে সনাতনী ব্রহ্মময়ী ভগবতী মহামায়াই শ্রেষ্ঠ, কারণ এই সৃষ্টি কারিনী পরমেশ্বরীই সাধকগণের মুক্তি প্রদান করিতে পারেন।

মানব জন্ম অতিশয় দুর্লভ জন্ম। চুরাশীলক্ষ যোনিভ্রমন করিয়া তবে মানব জন্ম হয়। এই রূপ বহু জন্ম ভ্রমনের পর ব্রাহ্মণকুলে জন্ম গ্রহণ হইয়া থাকে এবং ব্রাহ্মণকুলে জন্মগ্রহণ করিয়া যদি পূর্ব পূর্ব জন্মের পুণ্য সঞ্চয় করিয়া থাকে তবে দেবীর আরাধনায় মতি জন্মায়। এজন্য মুক্তিক্রম বিষয়ে শাস্ত্রে উল্লেখ আছে যে, প্রথম সূর্য্যারাধনা করিয়া ১২ জন্মাবসানে সূর্য্যলোকে অবস্থান পূর্ব্বক মুক্তি ভোগ হয়। বহুকাল ভোগবসানের পর পুনরায় গণপত্য কুলে জন্মগ্রহণ করিয়া অষ্ট (৮) জন্ম গণদেবতার আরাধনা করিলে সামীপ্য মুক্তি প্রাপ্ত হইয়া এক কল্পকাল গণেশলোকে বাস হয়। তাহার পর বৈষ্ণবকুলে জন্মগ্রহণ করিয়া সপ্ত (৭) জন্ম বিষ্ণু আরাধনায় সিদ্ধ হইলে এক কল্পকাল বিষ্ণুলোকে সালোক্য মুক্তি লাভ হইয়া থাকে। ভোগবাসনান্তে শৈবকুলে জন্মগ্রহণ করিয়া পঞ্চ (৫) জন্ম শিবারাধনা করিলে সাযুজ্য মুক্তিলাভ করিয়া ব্রহ্মের আয়ুঃ পরিমান কাল শিবলোক ভোগপ্রাপ্তি হইয়া থাকে। তৎপরে ভোগবাসনান্তে ব্রাহ্মণ গৃহে অথবা শক্তিকুলে জন্মগ্রহণ হয়। শক্তি কুলে জন্মগ্রহণ করিয়া শক্তিমন্ত্রে দীক্ষিত হইয়া শাক্তাভিষেক হইতে হয়। অভিষেক হওয়ানন্তর অনুকল্প পঞ্চতত্ত্ব দ্বারা পশুভাবে দেবীর আরাধনা করিলে দেহান্তে দেবীলোকে বাস হয়। তৎপরে পুনর্ব্বার ধনীগৃহে জন্মগ্রহণ করতঃ পূর্ব্ব পুণ্য প্রভাবে পূর্ণাভিষিক্ত হইয়া বীরভাবে প্রকৃত পঞ্চতত্ত্ব দ্বারা পরমা বিদ্যার আরাধনা করিলে জীবদ্দশায় জীবমুক্ত হইয়া অন্তে কালীলোকে বাস হয়। তৎপরে পুনরায় নরলোকে শাক্তগৃহে জন্ম গ্রহণ করিয়া শাক্তাভিষেক হইয়া পুরশ্চনাদি কার্য্য সমাপন পূর্ব্বক পূর্ণাভিষেক হইয়া প্রকৃত পঞ্চতত্ত্ব দ্বারা দেবীর আরাধনা করিয়া বিল্ব সাধন হইতে আরম্ভ করিয়া শ্মশান সাধন পর্যন্ত বীরভাবের সাধনকার্য্যে সমাপনন্তর পরমহংস দীক্ষায় দীক্ষিত হইয়া দিব্যভাবাশ্রয় করিয়া নিজ দেহন্তর্গত পঞ্চতত্ত্বদ্বারা দেবীর আরাধনা করিয়া ষট্চক্রভেদ করিয়া মূলাধারস্থ কুলকুন্ডলিনীকে জাগরিত করিয়া সহস্রারে পরমশিবের সংযোজনা করিয়া সমাধিস্ত হইলে প্রারব্ধ কর্ম্মসূত্র ক্ষয়প্রাপ্ত হয়। প্রারব্ধ ক্ষয়ে মুক্ত পুরুষ হইয়া দেহান্তে প্রকৃতিতে লয়প্রাপ্ত হয়। এজন্য শক্তিমন্ত্রে তিন জন্মান্তে নির্ব্বাণ মুক্তি প্রাপ্ত হইয়া থাকে।

শাস্ত্রে বলা হইয়াছে যে,— ভবসাগর বন্ধন হইতে যিনি নির্ব্বাণপদ প্রাপ্ত হইতে ইচ্ছা করেন, সেই সাধক যত্নের সহিত শক্তিমন্ত্রে দীক্ষিত হইয়া ক্রমে ক্রমে সাধন আচার অনুসারে অগ্রসর হইলে অচিরেই মুক্তি পাইয়া থাকে। এজন্য শাস্ত্রে উল্লেখ আছে— সবকিছুর শ্রেষ্ঠ বেদ, বেদ হইতে শ্রেষ্ঠ বৈষ্ণব, বৈষ্ণব হইতে শ্রেষ্ঠ শৈব, শৈব হইতে শ্রেষ্ঠ প্রধান দক্ষিণাচারী, দক্ষিণাচারী হইতে বামাচারী, বামাচারী হইতে শ্রেষ্ঠ সিদ্ধান্তচার, সিদ্ধন্তচার হইতে শ্রেষ্ঠ কৌলচার, এই কৌলচারের শ্রেষ্ঠ কিছুই নাই। অভিষিক্ত হইলে তাহার পর পূর্ণাভিষিক্ত কৌলই প্রকৃত পঞ্চতত্ত্ব বা পঞ্চমকার সাধনায় লিপ্ত হইতে পারেন। পূর্ণাভিষিক্তর শ্রেষ্ঠ মহাভিষিক্ত, মহাভিষিক্তর অপেক্ষা ক্রমদীক্ষা শ্রেষ্ঠ, ক্রমদীক্ষার অপেক্ষা সাম্রাজ্য দীক্ষা শ্রেষ্ঠ, সাম্রাজ্য হইতে পরমহংস সর্বশ্রেষ্ঠ দীক্ষা। — মহানির্বাণ তন্ত্র।

১। কামগুহাভ্যন্তরে শিলাতে অধিষ্ঠিত শিলারূপিণী ঐ মনোহর যোনি দীর্ঘে একুশ আঙ্গুলি এবং প্রস্থে এক বিতস্তি (অর্দ্ধেক হাত) পরিমিত। উহা ক্রম সূক্ষ ও বিনম্র এবং ভস্মশৈলের অনুগামী। উহা

CC-0. Agamnigam Digital Preservation Foundation, Chandigarh.

সিন্দুর ও কুঙ্কুমের মত রক্তবর্ণা এবং সাধকের সর্ব্বকাম প্রদায়িণী।

২। যোনিমণ্ডলে ভগবতী কামাখ্যার পঞ্চমূর্ত্তিতে অবস্থান —ঐ যোনিমণ্ডলে ভগবতী কামাখ্যা নিত্য পঞ্চমমূর্ত্তিতে অবস্থান করছেন।

৩। যোনিমণ্ডলের যোনিতে মূলভূতা সনাতনী জগদ্ধাত্রী মহামায়া নিত্য পঞ্চকামিনী মূর্ত্তিতে ক্রীড়া করিয়া থাকেন। তাদের নাম যথা,— ১) কামাখ্যা, ২) ত্রিপুরা, ৩) কামেশ্বরী, ৪) শারদা ও ৫) মহোৎসাহা। ইহারা সকলেই কাম, রূপ ও গুণদ্বারা অলঙ্কৃতা।

৪। মহাদেব বলেছেন— সেই মঙ্গলময়ী কামাখ্যাদেবী তথায় সকল লোকের মোহের নিমিত্ত এবং আমার প্রীতির নিমিত্ত প্রত্যহ পঞ্চমূর্ত্তি ধারণ করেন। আমিও পঞ্চমুখে পঞ্চভাগে সেই কামেশ্বরী স্থানে অবস্থানে করি, যথা— ১) পূর্ব্বভাগে ঈশানরূপে এবং ঐ রূপই প্রধান, ২) ঈশানকোণে তৎপুরুষ, ৩) তার সমীপে অঘোর, ৪) বায়ুকোনে সদ্যজাত এবং ৫) বামদেব।

৫। ভগবতী কামাখ্যা দেবীর পঞ্চমূর্ত্তির মন্ত্র, তন্ত্র, রূপ এবং কল্প পৃথক পৃথক। এই লেখকের 'কামাখ্যা চক্রানুষ্ঠান পূজাপদ্ধতি'-তে বিস্তারিত পাইবেন।

নিয়মাবলী

সত্যযুগে বেদোক্ত মন্ত্র ফলপ্রদ ছিল। কলিকালে ফলোদায়ক হয়না, ইহার কারণ কি? এ বিষয়ে অনেকে মনে সংশয় উপস্থিত হইতে পারে। ফলতঃ

১। বেদাচার আশ্রয় করিয়া বৈদিক কর্ম্ম।

২। শৈবাচার আশ্রয় করিয়া স্মৃতি-সংহিতা-সম্মত কর্ম্ম।

৩। বৈষ্ণবাচার আশ্রয় করিয়া পুরান-সংহিতা-সম্মত কর্ম্ম। এবং

৪। দক্ষিণাচার, বামাচার, সিদ্ধান্তচার অথবা কৌলচার আশ্রয় করিয়া তান্ত্রিককর্ম্ম করিলেই যথোক্ত ফল প্রাপ্ত হওয়া যাইতে পারে। যেমন—

ক) বেদাচার, শৈবাচার ও বৈষ্ণবাচার পশুভাবের অন্তর্গত।

খ) দক্ষিণাচার পশুভাব ও বীরভাবের মধ্যবর্ত্তী।

গ) বামাচার ও সিদ্ধান্তচার বীরভাবের অন্তর্গত।

ঘ) কৌলচার বীরভাবের অন্তর্গত হইলেও ক্রমে ক্রমে দিব্যভাব উপস্থিত হইতে থাকে। (মহানির্ব্বাণে পশুভাব নি:ষেধ করিবার কারণ এই যে, কলিকালে কোন ব্যাক্তিই বেদাচার, বৈষ্ণবচার ও শৈবচার রক্ষা করিতে পারিবেনা।) মেরুতন্ত্রে উল্লেখ আছে যে, যে দেশে গোহত্যা বা ব্রহ্মহত্যা

CC-0. Agamnigam Digital Preservation Foundation, Chandigarh.

হয়না এবং শূদ্ররা বেদ শ্রবণ করেনা, সেই দেশেই বৈদিক মন্ত্রে সিদ্ধি লাভ হইতে পারে। এমনকি বেদাচার, বৈষ্ণব ও শৈবচারী এইরূপ দেশে বসবাস করিলে ধর্ম্মচ্যুত হইতে হয় না। এই জন্য শিব বলিয়াছে যে, যখন কলিকালে পশুভাব নাই, তখন পশুভাবের কার্য্যও নাই। সুতরাং এই অবস্থায় পশুভাব নিষ্পাদ্য বেদ প্রভৃতির মন্ত্রপ্রয়োগ দ্বারা কোনক্রমেই ফলপ্রত্যাশা করা যাইতে পারেনা। এইজন্য কলিকালে আচার ভ্রষ্ট জনগনকে উদ্ধার করিবার নিমিত্তই সদাশিব আগমশাস্ত্র প্রকাশ করিয়াছেন। এক্ষণে আগম ব্যতিরেকে জীবগনের আর উদ্ধারের উপায়ন্তর নাই। — মহানির্ব্বাণ (১-১৫)

বৈষ্ণবাচার, শৈবচার প্রভৃতি যেকোন আচার হইতে পরিভ্রষ্ট হইলে লোকে আগমেক্ত কুলাচার আশ্রয় করিতে পারে, পরন্তু যদি কেহ কুলাচার হইতে পরিভ্রষ্ট হন তাহা হইলে তাহাকে নিশ্চয়ই রৌরব নরকে গমন করিতে হইবে। তাহার আর নিষ্কৃতি পাইবার উপায় নাই।

—তন্ত্রবচন।

তন্ত্রে ভোগ সাধনার মধ্যে দিয়ে ভোগের সাধন। ভোগ সংমিশ্রনে ক্রমশঃ তদুক্ত ক্রিয়ার অভ্যাস দ্বারা ভোগকলা নিবৃত্ত হইয়া থাকে। এই নিবৃত্তি মার্গ অতিক্রম করিয়া দিব্যভাবে উপনিত হইলেই মোক্ষলাভ হইয়া থাকে। তন্ত্রে আছে— যিনি বিষয় ভোগে প্রবৃত্ত তিনি মোক্ষফল লাভ করিতে পারেন না। এবং মোক্ষাকাঙ্খী ব্যাক্তি সর্ব্বদা বিষয় ভোগে বিরত থাকিবেন। পরন্তু যিনি তন্ত্রোক্ত বিধান অনুসারে দেবতার আরাধনা করেন, তিনি ইহকালের সুখভোগ করিয়া চরমে মোক্ষ ফল লাভ করিবেন।

তন্ত্র সাধনের বেশ কিছু লক্ষণীয় বিষয়। যথা—

১। পঞ্চতত্ত্বই মহাযোগ এবং ভোগ ও মুক্তিরূপী। তৃণরাশি যেরূপ অনলে সদ্য ভস্মিভূত হয়, তদ্রূপ কোটি কোটি মহাপাতক ও পঞ্চতত্ত্বের দ্বারা তৎক্ষণাৎ বিনষ্ট হইয়া থাকে। যে স্থানে পঞ্চতত্ত্ব বিদ্যমান, দেবী সেই স্থানে অবস্থানে করেন।

২। পঞ্চতত্ত্ববিহীন সাধনায় জগদম্বিকা বিমুখ হন। শাক্তদিগের মুখ এবং মোক্ষলাভার্থ পঞ্চতত্ত্ব ভিন্ন শ্রেষ্ঠতর কিছুই নাই।

৩। শৈব এবং বৈষ্ণবদিগের সম্বন্ধেও এই ভক্তি প্রযোজ্য হইলেও শাক্তদিগের পক্ষে পঞ্চতত্ত্বের বিধান বিশেষভাবে প্রাযোজ্য। মদ্যের দ্বারা স্বর্গ এবং মাংস দ্বারা মানবগণের আধিপত্য লাভ হয়।

৪। মৎস্যের দ্বারা সাধক স্বয়ং ভৈরবীর (আদ্যাশক্তির) পুত্রতুল্য এবং মুদ্রাপ্রভাবে ব্রহ্মার সমতুল্য হইয়া থাকে, তৎপর মৈথুন প্রভাবে মানব ব্রহ্মসাযুজ্য প্রাপ্ত হয়।

৫। কুঙ্কুম এবং আসব দ্বারা দেবীকে অর্ঘ্যদান করিবে। যথা,— পাদ্য পাদদ্বয়ে এবং অর্ঘ্য মস্তকে প্রদান করতে হয়।

৬। কামাখ্যাদেবীকে সর্ব্বদা পঞ্চতত্ত্ব দ্বারা পূজা করিবে।

৭। পঞ্চতত্ত্বের দ্বারা দেবীর পূজা করিলে তৎক্ষণাৎ দেবীর অনুগ্রহ লাভ করা যায়।

৮। কলিযুগে অন্যকিছুই পঞ্চতত্ত্বের সমতুল্য নহে। পঞ্চতত্ত্বই পরব্রহ্ম স্বরূপ এবং পঞ্চতত্ত্বই মোক্ষের কারণ।

৯। পঞ্চতত্ত্বই আদ্যাশক্তি মহামায়া এবং পঞ্চতত্ত্বই সদাশিব। পঞ্চতত্ত্বই স্বয়ং ব্রহ্মা এবং পঞ্চতত্ত্বই

CC-0. Agamnigam Digital Preservation Foundation, Chandigarh.

স্বয়ং বিষ্ণু।

১০। পঞ্চতত্ত্ব দ্বারা দেবতার পূজাকে কৌলপূজা বলা হয়।

১১।কারণ (মদ্য), মাংস, মৎস, মুদ্রা ও মৈথুন এই পাঁচটি পঞ্চতত্ত্ব বা পঞ্চমকার।

১২।অনভিষিক্ত ব্রাহ্মণের পক্ষে পঞ্চতত্ত্ব ব্যবহার নিষেধ।

১৩।অনভিষিক্ত ব্যতিত ব্রাহ্মণ মদ্যপানে মহাপাপ সঞ্চয় হয়। তাহাকে স্পর্শ করাও পাপ।

১৪।ব্রাহ্মণগণ কারণ (মদ্য) পান করিবে কিন্তু দ্বিজ কখন মদ্যপান করিবেনা।

১৫।যিনি পূর্ণভিষিক্ত তিনিই কৌল এবং তিনি ব্রাহ্মণ। পুরোহিতরা ব্রাহ্মণ নয়।

১৬। মন্ত্র সিদ্ধি না হইলে কাম্যকর্ম্ম সফল হয়না। মন্ত্রসিদ্ধির জন্য জপরহস্য সহ পুরশ্চরণ করিতে হয়। (সঠিক পদ্ধতি জানতে লেখকের 'মন্ত্রসিদ্ধির গোপন চাবিকাঠি' গ্রন্থটি পড়ুন।)

১৭। পূর্ণাভিষিক্ত হইয়া কুলপূজায় রত হইলেই তবে মন্ত্র সিদ্ধি হয়।

১৮। বীরভাব অবলম্বন পূর্ব্বক যোগাভ্যাস মাধ্যমে যোনীমূদ্রা দ্বারা কুলকুন্ডলিনী জাগ্রত করিলেই মন্ত্রসিদ্ধি হয়।

১৯।ভৈরবী রহস্য পূজায় রত হওয়ার আগে যোগ দ্বারা বজ্রালী মূদ্রা সাধনার দ্বারা বীর্য রোধ করিবার ক্ষমতা যতদিন না হচ্ছে ততদিন চক্রেশ্বর হওয়া যায়না।

২০। পূজাকাল ব্যতিত সুরাপান করিলে সাধকের নরকগামী হইতে হয়।

২১।কলিযুগে এই ভারতবর্ষে পঞ্চতত্ত্ব দ্বারা পূজাই প্রশস্ত।

২২।সম্বিদা এবং আসব ইহার মধ্যে সম্বিদাই শ্রেষ্ঠ।যিনি সম্বিদা পান করেন তিনিই বীর এবং তিনিই সাধক।

২৩।সমস্ত কুল সাধনার পূর্ব্বে সম্বিদা সেবন কর্ত্তব্য নচেৎ সমস্ত কার্য্যই বিফল হইবে।

২৪।যিনি সম্বিদা গ্রহণ করিয়া ধ্যান করেন তাহার ধ্যানময়ী মূর্ত্তি প্রত্যক্ষ হয়।

২৫। শিব বলিয়াছেন গুরু, তন্ত্র, মন্ত্র ও কৌলশক্তিকে যত্নসহকারে গোপন করিবে। প্রকাশ করিলে সিদ্ধি হানি হয়।

২৬।সমস্ত শাস্ত্রের মধ্যে তন্ত্র সাধনই একমাত্র গোপন শাস্ত্র।

২৭।দিব্যৌষধি এবং বীরের ও যোগীর কার্য্য সর্বদা গোপন রাখিবে।

২৮। পঞ্চতত্ত্ব দ্বারা পূজা করিলে কালাকাল বিচার পরিত্যাগ করিবে।

২৯।সকল সময়ই অতিগোপনে পঞ্চতত্ত্ব দ্বারা দেবীর বিশেষ পূজা করিবে।

৩০। পঞ্চতত্ত্ব বিহীন পূজা একেবারেই নিষ্ফল।

৩১। যে স্থানে অত্যন্ত গোপনের সম্ভাবনা আছে, সে স্থানে দিবসেও রহস্যচক্রানুষ্ঠান পূজা হইবে, অন্যথা রাত্রিতেই বিধেয়।

৩২। দিবসে রহস্যচক্রানুষ্ঠান করিতে পারা যায় বটে, কিন্তু নিশাপূজা সমধিক ফলদায়ক।

৩৩।পঞ্চতত্ত্ব দ্বারা পূজা বীরের নিত্যকর্ম্ম।যিনি নিত্যই পঞ্চতত্ত্বদ্বারা দেবতার অর্চ্চনা করেন। তিনিই উত্তম কৌল। যিনি পর্ব্বাহে পূজা করেন, তিনি মধ্যম। যিনি মাসমধ্যে দিন চতুষ্টয় পূজা করেন তিনি অধম।

৩৪।স্বশক্তি অযোগ্যা হইলে অন্যশক্তি গ্রহণ করা যাইতে পারে।

CC-0. Agamnigam Digital Preservation Foundation, Chandigarh.

৩৫। উত্তম অধিকারীগণ সর্ব্বজাতীয় শক্তিই পূজা করিতে পারিবেন।

৩৬। অনভিষিক্তা শক্তিকে চক্রে বসান নিষেধ; কিন্তু সংক্ষেপে অভিষেক বা শোধন করিয়া লইয়া বসান যাইতে পারে।

৩৭। কুলসাধনে বিধবাকে পূজা করাও নিষেধ কিন্তু সংক্ষেপে অভিষেক করিয়া লওয়া যায়।

৩৮। ব্যঙ্গাঙ্গী, ন্যনাজী, বিকৃতাঙ্গী, গর্ভিনী, রজোহীনা, কেশ ও দন্তহীনা, রুষ্ট, দুষ্টা, রোগাতুরা, ক্রন্দনকারিনী, শোকাকুলা, নিদ্রা ও আলস্যযুক্তা, নিষ্ঠুরা ও ক্রূরা শক্তি বর্জ্জন করিবে।

৩৯। পরশক্তি গ্রহণ কালে সদাশিবের আদেশের প্রতি দৃষ্টি রাখিতে হইবে।

৪০। অগ্রে বিজয়া নিবেদন পূর্ব্বক গ্রহণ করিয়া পরে পূজাদি করাই বিধেয়। অর্থাৎ বিজয়া ব্যাতিরেকে পূজাই নিস্ফল। যেমন অন্যান্য পূজায় তুলসী পাতা ব্যতিত পূজা নিস্পল তদ্রূপ বিজয়া ব্যতিত তান্ত্রিক ক্রিয়াকলাপ পূজাদি নিস্ফল।

৪১। দেবতার অঙ্গে ষড়ঙ্গন্যাস (অঙ্গচিন্ত করিয়া) করা কালীন ষড়ঙ্গমুদ্রা প্রদর্শন পূর্ব্বক ন্যাস করিতে হইবে।

৪২। একাকী রহস্যচক্রানুষ্ঠান নিষিদ্ধ। বহুসাধক অর্থাৎ সশক্তিক অষ্টাধিক সাধক লইয়াও চক্রানুষ্ঠান বিধেয় নহে।

৪৩। পাষন্ড, মূর্খ পামর, অঙ্গহীনা, মিথ্যাবাদী, পরনিন্দাপরায়ণ, নিকৃষ্ট, দাম্ভিক, শূদ্রান্নভোজী, পরাধীন, যিনি প্রেতশ্রাদ্ধের অন্নভক্ষণ করেন, তীর্থের দান গ্রহণ করেন, দন্তহীন জরাগ্রস্ত এবং আত্ম প্রশংস্য ও ধূর্ত্ত ব্যক্তিগণকে দেবজ্ঞানে পূজার করিবেনা এবং চক্রানুষ্ঠানে বসাবেনা।

৪৪। যুগ্ম যুগ্ম সাধক শক্তিকে পৃথক্ পৃথক্ আসন দিতে হইবে। প্রথমে স্বদক্ষিণে গুরুশক্তি পরে গুরুকে উপবেশন করাইয়া তাহাদের আজ্ঞা লইয়া অন্যান্য শক্তি-সাধককে যথারীতি জ্যেষ্ঠ কনিষ্ঠ ক্রমে বসাইবে। নিজ শক্তিকে স্ববামে বসাইয়া তৎপরে কনিষ্ঠদিগকে বামে বসাইবে। স্বশক্তিকে দক্ষিণে বসাইতে নাই দক্ষিণে বসাইলে তিনি মাতৃস্বরূপা হন ও আর তিনি পঞ্চমকার হন না। দক্ষিণে উপবেশন যোগ্যা শক্তি দিগকে বামে বসাইলে গুরু পত্নী অতিক্রম দোষ জন্মে।

৪৫। প্রথমে গুরুশক্তির পাত্রে পরিবেশন করিবে পরে গুরুপাত্র, এবং তাহার পরে নিজশক্তি পাত্রে ও শক্তি দিগের পাত্রে পরিবেশন পূর্বক জ্যেষ্ঠ কনিষ্ঠ ক্রমে সাধকবর্গের পাত্রে পরিবেশন করিয়া সর্বশেষ স্বপাত্রে লইতে হইবে। কোন সাধক মহাপাত্র আনয়ন করেন তাহা হইলে সেই পাত্রেই প্রথমে পরিবেশন করিতে হইবে।

৪৬। মাংসের মধ্যে স্ত্রী পশুর মাংসই নিষিদ্ধ। পক্ষীদিগের মধ্যে স্ত্রী হংসী ও জলচরের মধ্যে স্ত্রী জাতীয় কচ্ছপের মাংস নিষিদ্ধ।

৪৭। মাংসের অভাবে হংসাদির ডিম্ব, লবণাদ্রক, পিঁয়াজ, রসুন, গম, মাসকলাই, মুগ, মশুর প্রভৃতি ভাজা ব্যবহৃত হইবে। সমস্ত তত্ত্বের অভাবে আর্দ্রক ব্যবহৃত হইতে পারে।

৪৮। শোল, বোয়াল, রোহিত, মৎস্যই উত্তম; অন্যান্য কন্টকহীন মৎস্য মধ্যম; এবং বহু কন্টকযুক্ত মৎস অধম। মৎস্যের সহিত জম্বীয় (নেবু) অদ্যমৎস্যরূপে নিবেদিত হইবে। অভাবে মশুর ও তিলভাজা দিতে হইবে।

৪৯। মূদ্রা সপ্তপ্রকার ধান্যজ দ্রব্য অর্থাৎ ধান্য, গোধূম, মুগ, মাসকলাই, যব, চণর্ক, কোদ্রব,

CC-0. Agamnigam Digital Preservation Foundation, Chandigarh.

তিল ও এতজ্জাত পিষ্টকাদি আদ্রমুদ্রা স্বরূপে নিবেদিত হইবে। অতএব মুদ্রার অভাবে আর্দ্রক ব্যবহৃত হইতে পারে।

৫০। সাধকের সম্মুখে শ্রীপাত্র স্থাপন করিয়া বামদিকে ঘট ও শ্রীপাত্রের মধ্যে ঘটের নিকট গুরুপাত্র তৎপরে গুরু ও শ্রীপাত্রে মধ্যে গুরুপাত্রের নিকটে বলিপাত্র, পাদ্যপাত্র ও আচমনীয় পাত্র স্থাপনা করিতে হইবে।

❀ সপ্ত পাত্র স্থাপন কল্পে - শ্রীপাত্র, গুরুপাত্র, ভোগপাত্র, শক্তিপাত্র, যোগিনীপাত্র, বীরপাত্র ও বলিপাত্র স্থাপন করিতে হইবে।

❀ পঞ্চ পাত্র স্থাপন কল্পে - শ্রীপাত্র, গুরুপাত্র, ভোগপাত্র, যোগিনীপাত্র ও বলিপাত্র স্থাপন করিতে হইবে।

❀ ত্রিপাত্র স্থাপন কল্পে - শ্রীপাত্র, গুরুপাত্র ও ভোগপাত্রই স্থাপন কবিবার বিধান আছে।

ক) শ্রীপাত্রমৃত দ্বারা - মূলদেবতা, আনন্দ ভৈরবের ও আনন্দ ভৈরবীর তর্পন করিতে হয়।

খ) গুরুপাত্রমৃত দ্বারা - গুরু পরম্পরা ও গুরুপংক্তির এবং ব্রহ্মের তর্পন করিতে হইবে।

গ) শক্তি পাত্রমৃত দ্বারা - আবরণদেবতার অনুর্গত (ব্রহ্মাদি) শক্তিদিগের তর্পন করিতে হইবে।

ঘ) যোগিনী পাত্রমৃত দ্বারা - (কালীদেব্যম্বা প্রভৃতি) আবরণান্তর্গত যোগিনীদিগের তর্পন করিতে হইবে।

ঙ) বীরপাত্রমৃত দ্বারা - আবরণ দেবতার অন্তর্গত (দিকপালাদি পুরুষ দেবতার) তর্পন করিতে হইবে।

চ) বলিপাত্রামৃত দ্বারা - গণেশ, ক্ষেত্রপাল ও বটুকাদির তর্পন করিতে হইবে। সকল দেবতারই উপাচার ও বলিনিবেদন বলিপাত্রামৃত প্রোক্ষণেই করিতে হইবে।

ছ) পাদ্যপাত্র হইতে সকল দেবতার পাদ্য এবং আচমনীয় পাত্র হইতে আচমনীয় নিবেদিত হইবে।

জ) ভোগপাত্রমৃতে বাহন, ভৈরব, ঋষি ও অন্যান্য যাবতীয় দেবতার তর্পন হইবে।

❀ যে দেবতার যে পাত্র হইতে তর্পন হইবে সেই দেবতার ষড়ঙ্গের ও অস্ত্রাদির তর্পনও সেই পাত্র হইতে হইবে।

❀ যাগমণ্ডপ বা স্থণ্ডিলাদি প্রোক্ষণ সামান্যার্ঘ্য জলেই হইবে।

❀ সপ্ত বা পঞ্চপাত্রকল্পে পাদ্য ও আচমনীয় বলিপাত্র হইতে দিতে হইবে।

❀ শক্তিপাত্র ও বীরপাত্রে অভাবে তাহার কার্য্য ভোগপাত্র হইতে হইবে।

❀ ত্রিপাত্র কল্পেও যে যে পাত্র স্থাপনা হয় নাই তাহার কার্য্য ভোগপাত্র হইতেই হইবে।

❀ চক্রমধ্যে ঘটভগ্ন হইলে পাত্র ভূমিতে পতিত হইলে অথবা দীপ নির্বাপিত হইলে তাহার প্রায়শ্চিত্ত স্বরূপ পুনরায় চক্রানুষ্ঠান কর্ত্তব্য।

❀ চক্রের মধ্যঘটিত কোন শুভ অশুভ বার্তা বাহিরে প্রকাশ করিতে নাই এবং আনন্দোল্লসিত সাধকের নিন্দ বা তাহাদেরকে উপলক্ষ করিয়া উপহাস করিতে নাই বরং দেবতার স্বরূপ জ্ঞান করিতে হইবে।

❀ প্রথম পাত্রদানে বামহস্তে অমৃতপূর্ণ পাত্র দক্ষিণ হস্তে মাংস লইয়া উভয় হস্তের যোগে

CC-0. Agamnigam Digital Preservation Foundation, Chandigarh.

শক্তি সাধকে দিতে হইবে। তাহারও ঐরূপে হস্তে গ্রহণ করিয়া আধারে রক্ষাপূর্বক চক্রেশ্বরকে প্রণাম করিবেন। বলা বাহুল্য চক্রেশ্বর যিনিই হউন, সকল শক্তি সাধককেই তখন তাহাকে গুরুর স্বরূপ জ্ঞান করিবেন। গুরু ও শক্তির অভাবে তত্তৎপাত্র জলে বিসর্জ্জন করিতে হইবে। কৌলাবলীতে আছে শক্তি ব্যতিরেকে চক্রানুষ্ঠান নিস্ফল হইবে।

৫১। নৈবেদ্য হল – কর্পূরমিশ্রিত তাম্বুল, শর্করাযুক্ত নারিকেল, ঘৃতযুক্ত পায়স, আর্দ্রকযুক্ত গুড়, তাম্বুলযুক্ত তিল, সৈন্ধবযুক্ত দধি, লেবু, কাঁঠাল, আম, আমড়া, কলা, তেঁতুল, বেল, করঞ্জা, বকুল, তাল, খেজুর ও অন্যান্য মিষ্টফল দেবীর একমাত্র নৈবেদ্য।

৫২) পশুর রুধির – মেষ, ছাগ, মহিষ, শশক, শজারু, শূকর, মৃগ পশুদের সাধক বলি হিসাবে বরণ করিতে পারেন।

৫৩) সুগন্ধ জল ও কুলাগার প্রক্ষলিত জলও নৈবেদ্য হিসাবে দেওয়া চলে।

এই সাধনায় সাধককে সর্বদা স্মরণ রাখিতে হইবে তাহাকে সদা সর্বদা ক্ষুরধারা দুর্গম গিরিশৃঙ্গের পথ দিয়া একনিষ্ঠ চিত্তে অগ্রসর হইতে হইবে।

তন্ত্রসাধনায় বলা হইয়াছে যে, বিশ্বামিত্র ঋষি মহর্ষি বশিষ্ঠ-র নিকট হইতে এই দুর্লভ সাধনা পন্থা লাভ করিয়াছিলেন।

দেবীর ধ্যানন্তে অগুরু, ধূপ ও দীপ দিয়া অর্চ্চনা করিতে হয়।

মূল মন্ত্রে ধূপ নিবেদন করিয়া ও নৈবেদ্য দেওয়া যায়। তারপর গন্ধ, চন্দন ও কর্পূর প্রভৃতি সৌরভযুক্ত তাম্বুল দেবেন।

মরুতীর্থ হিংলাজ, বৈষ্ণবদেবী মন্দির, জ্বালামুখী, তারাপীঠ, কামাক্ষ্যাপীঠ, তিব্বত, হেমিস্ গুম্ফায় এবং সিকিমের রংতাম গুম্ফাতে, গ্যাংটকের টিবিটলজিতে, লাহুল, স্পিতি, চীনি, তিব্বতী ঐতিহাসিক ও তান্ত্রিক তারানাথও এই বিদ্যা বিশেষ করে উল্লেখ করিয়া গেছেন। হিমালয়ের বিভিন্ন গুম্ফাতে বৌদ্ধ অঞ্চলে চীনাচার আচার অবলম্বনে সাধন করিয়া থাকেন সাধকরা। পণ্ডিত গোপীনাথ কবিরাজও বিশেষভাবে এই সাধনার উপর গুরুত্ব আহরণ করিয়াছিলেন তাহার উল্লেখ পাওয়া যায়।

বীরশক্তি কুলসাধনায় শক্তি ছাড়া রহস্যচক্রানুষ্ঠান হয় না।

পঞ্চচক্র - রাজচক্র, মহাচক্র, দেবচক্র, বীরচক্র ও পশুচক্র।

খাদ্যের মধ্যে পঞ্চমকার বিশেষ করিয়া মদ্য এবং মাংস।

পুষ্পের মধ্যে বিশেষ করিয়া করবীবৃক্ষের পুষ্প, যাতি পুষ্প ও জবা শ্রেষ্ঠ।

চন্দনের মধ্যে রক্তচন্দন শ্রেষ্ঠ।

এই সাধনার আচার ভালো করিয়া না জানিয়া একদম অগ্রসর হইবে না। স্বয়ং গুরুমুখী বিদ্যা। নচেৎ পদে পদে বিপদ আসিয়া উপস্থিত হইবে। অনভিষিক্ত নারী রহস্যভৈরবী বা শক্তি হইবে না।

রতি তন্ত্রমে উল্লেখ আছে - সকল প্রকার নারীকে দিয়া কুলপূজা হয়না। নাপিত কন্যা ছাড়া কালীমন্ত্র সিদ্ধ হয়না। চন্ডালীকন্যাকে নিলেই তারাবিদ্যা সিদ্ধিলাভ হইয়া থাকে। ব্রাহ্মণকন্যাকে কুলকন্ডলে বসাইলেই স্ত্রীবিদ্যা সিদ্ধ হয়। কাপালিক স্ত্রীতে গমন করিলে ছিন্নমস্তা বিদ্যালাভ হয়।

CC-0. Agamnigam Digital Preservation Foundation, Chandigarh.

রাজকন্যাকে কুলভৈরবী পূজাদ্বারা বগলাবিদ্যার বরলাভ করিয়া থাকে। জেলের কন্যার সঙ্গ করিয়া সাধনায় লিপ্ত হইলে ভৈরবীবিদ্যা প্রাপ্ত হইয়া থাকে।

রক্তকরবী পুষ্পে কামাখ্যাদেবী স্বয়ং অবস্থান করেন। জবা প্রভৃতি রক্ত পুষ্পে এবং মালতী প্রভৃতি সুগন্ধযুক্ত পুষ্প দ্বারা দেবীর পূজা করিলে সিদ্ধিলাভ হয়।

রক্তকরবীর মাহত্ম্য আমি বলিয়া শেষ করিতে পারি না। দেবীকে পুষ্পপ্রদান করিলে গণপত্য (গণেশত্ব) লাভ হয়।

কামাখ্যা মন্ত্র পুরশ্চরণ কালেও সাধক একলক্ষ মন্ত্র জপ করিবেন। পুরশ্চরণার্থ জপের পর, ঘৃত, শর্করা, মধু এবং পায়স দ্বারা দশ সহস্র সংখ্যায় হোম করিবে। তৎপর চন্দন মিশ্রিত জল দ্বারা সহস্র বার তর্পন করিবে। তৎপর উৎকৃষ্ট গন্ধ দ্রব্যাদি দ্বারা একশতবার অভিষেক করিবে। তৎপর দশজন শ্রেষ্ঠ ব্রাহ্মণ ভোজন করাইবে। এবং সাধকগণ বা (পাঁচজন) শ্রেষ্ঠ দেবীভক্তদেরকেও মিষ্টান্নভোজনে পরিতৃপ্ত করিবে। এইরূপভাবে পুরশ্চরণ সম্পন্ন করিলে সজ্জন ব্যক্তি সিদ্ধিলাভ করিবে। এই সাধকের "কামাখ্যা মন্ত্রসিদ্ধির গুপ্তজপরহস্য" বইটি সাধকগণ পড়ুন।

উত্তমরূপে পুরশ্চরণ সম্পন্ন হইবার পর মন্ত্র নিশ্চয়ই ব্যবহারিক প্রয়োগার্থ যোগ্য হইয়া থাকে। এইরূপে নির্দিষ্ট পূজা জপ প্রভৃতি কামাখ্যার প্রতিকারক।

যোনিচক্রে পূজাই কামাখ্যাদেবীর পক্ষে মহাপ্রীতিকর। যোনিচক্রে পূজার ন্যায় তুল্য সিদ্ধিদায়ক অন্য আর কিছুই নাই।

ধীমান ব্যক্তি যোনিচক্রে কামাখ্যাদেবীকে পূজা করিবে। যোনিচক্রে এবং দেবী অভিন্ন। কখনও ইহার অন্যথা উক্তি সত্য নহে। হে প্রিয়ে, এই যোনিচক্রেই দেবীকে সর্ব্বদা আবাহন করিবে।

বিবিধ প্রকার গন্ধাদি দ্রব্যদ্বারা যোনিচক্র প্রলিপ্ত করিবে এবং বিবিধ দ্রব্যদ্বারা যোনিচক্রে দেবীর পুজা করিবে। ইহাতে দেবী অত্যাধিক প্রীতিলাভ করেন এবং সাধকও তৎক্ষণাৎ সিদ্ধিলাভ করে।

আমার জ্ঞানে যোনি-পূজার সমতুল্য পূজা নাই। যোনিকে চুম্বন ও আলিঙ্গন (মতান্তরে লেহন) দ্বারা যে ফল সাভ হয় তাহা কল্পবৃক্ষকেও অতিক্রম করে।

যোনিচক্র দর্শনদ্বারা সাধক, সাধকগণের মধ্যে শ্রেষ্ঠত্ব লাভ করে এবং যোনিচক্র স্পর্শদ্বারা সাধক সর্ব্বলোককে মোহিত করিতে সক্ষম হয়। যোনি-লিঙ্গযুক্ত ভাবই কামাখ্যাদেবীর প্রীতিবর্দ্ধক।

হে গিরিজে। অধিক কি বলিব? কামরূপই (শৃঙ্গার রূপই) কামাখ্যাদেবীর জীবন। সুতরাং সর্ব্বপ্রযত্নে যোনিপূজার অনুষ্ঠান করিবে।

সুধীব্যক্তি বিশেষভাবে পরকীয়া কুলশক্তির যোনি আশ্রয় পূর্ব্বক কামাখ্যাদেবীকে অর্চ্চনা করিবে। হে দেবী। বেশ্যাযোনিকেও (অর্থাৎ সিদ্ধাশক্তিকে) সাধনার্থ শ্রেষ্ঠ পীঠ জানিয়া, বেশ্যাযোনিতেও দেবীকে সাধন করিবে।

এইরূপে সাধনা করিলে ত্রিরাত্রি মধ্যে সিদ্ধিলাভ হয়। এই বিষয়ে অন্যকোনরূপ বিচার অনাবশ্যক। ঋতুযুক্ত লতাচক্রে সাধনা করিলে অচিরে বিবিধ প্রকার উৎকৃষ্ট দেবদুর্লভ সিদ্ধি লাভ হয়। হে দেবী! শ্রেষ্ঠতর হইতে ও শ্রেষ্ঠতম এই যোনিসাধন আমি তোমাকে বর্ণনা করিলাম।

যোনিপীঠে কামাখ্যাদেবীর সাধন না করিলে মহাপাপ হয়। যে নরাধম যোনির নিন্দা করে বা

CC-0. Agamnigam Digital Preservation Foundation, Chandigarh.

তৎপ্রতি ঘৃণা প্রকাশ করে, হে দেবী। সে ব্যক্তি শিবাদেশ অনুযায়ী অতিশীঘ্র রৌরব নরকে গমন করিয়া থাকে। কামাখ্যাদেবী স্বয়ং যোনিমধ্যে অবস্থান করেন এবং যোগিনীগণ যোনিচিকুরসমূহে অবস্থান করে।

যোনিচক্রের তিনকোণে যথাক্রমে শিব, বিষ্ণু ও ব্রহ্মা অবস্থান করেন। সুতরাং স্বীয় মঙ্গলকামী ব্যক্তি কখনও যোনিনিন্দা করিবেনা।

যোনিনিন্দাকারী ব্যক্তি সবংশে নিধন প্রাপ্ত হয়। যোনিস্তুতি-পরায়ণ ব্যক্তি তৎক্ষণাৎ শিবতুল্য হইয়া থাকে।

যোনিপূজা ফল এবং যোনিমাহাত্ম্য আমি কি বলিব? চঞ্চলতাবশতঃ আমি কিঞ্চিৎ বলিয়াছি। হে কামরূপিণি। তুমি আমাকে ক্ষমা কর।

এখানে উল্লেখিত বিষয়গুলির সাধারণ অর্থ দেওয়া হইল, বিশেষ সদ্‌গুরুর নিকট হইতে জ্ঞাতব্য।

এইপুস্তক নিত্যপূজা না করিয়া গৃহে সাধারণ পুস্তকের সহিত রাখিলে তাহার নিশ্চয়ই ধনহানি হয় এবং দুর্গতি প্রাপ্তি হইয়া থাকে। দেবগৃহ বাদে অন্যসাধারণ গৃহে রাখিতে উহাতে বজ্রপাত হয়। দগ্ধ রন্ধ্র করিলে পীড়া হয়। বর্ত্তুল (গোলাকার) রন্ধ্রই শুভদায়ক, চতুষ্কোণে উপদ্রব এবং ত্রিকোণে রন্ধ্রে মরণ হইয়া থাকে।

পুস্তক লিখিয়া বেতন গ্রহণ করিলে যাবৎ সংখ্যক অক্ষর পুস্তকে বিদ্যমান থাকে, ততযুগ নরকে বাস করিতে হয়।

ক্ষ্ঁা মহাবীজ জানিবে, তাহা জপ করিলে মুক্তিলাভ অবশ্য হয়।



CC-0. Agamnigam Digital Preservation Foundation, Chandigarh.

—ঃ বিভিন্নপ্রকার মুদ্রা সমূহঃ—



CC-0. Agamnigam Digital Preservation Foundation, Chandigarh.

—ঃ সূচীপত্র ঃ—

বিষয়		পৃষ্ঠা
বৃহৎ তন্ত্রোক্ত শীতলা পূজাপদ্ধতি	*** *** *** ***	৩১
পাদুকাস্তোত্রম্	*** *** *** ***	৩১
আসন উপবেশন ও পাদুকা জপ	*** *** *** ***	৩২
আচমন	*** *** *** ***	৩২
করযোড়ে পাঠ	*** *** *** ***	৩২
শিখাবন্ধন	*** *** *** ***	৩২
অঘমর্ষণ	*** *** *** ***	৩২
পুণ্যাহবাহন	*** *** *** ***	৩৩
সঙ্কল্প	*** *** *** ***	৩৩
ঘটস্থাপন	*** *** *** ***	৩৩
দেবী গায়ত্রী	*** *** *** ***	৩৪
কামিনীদেবীর ধ্যান	*** *** *** ***	৩৪
সামান্যার্ঘ্য স্থাপন	*** *** *** ***	৩৪
মন্ত্রাচমন	*** *** *** ***	৩৪
দ্বারপূজা	*** *** *** ***	৩৫
মাষভক্তবলি ও ভূতাপসারণ	*** *** *** ***	৩৫
পঞ্চোপচরে মণ্ডল পূজা	*** *** *** ***	৩৬
ভূমিশুদ্ধি	*** *** *** ***	৩৬
আসনশুদ্ধি	*** *** *** ***	৩৬
আসন স্পর্শ করে পাঠ	*** *** *** ***	৩৭
কৃতাঞ্জলি সহ পাঠ	*** *** *** ***	৩৭
অধিবাস	*** *** *** ***	৩৭
গুরুপ্রণাম	*** *** *** ***	৩৮

CC-0. Agamnigam Digital Preservation Foundation, Chandigarh.

—ঃ সূচীপত্র ঃ—

করশুদ্ধি	*** *** *** ***	৩৮
বস্ত্রাঞ্চলে গ্রন্থি দান	*** *** *** ***	৩৮
পুষ্পশুদ্ধি	*** *** *** ***	৩৮
দিব্যবিঘ্ননিবারণ	*** *** *** ***	৩৯
দিগ্বন্ধন	*** *** *** ***	৩৯
ভূমিবিঘ্ননিবারণ	*** *** *** ***	৩৯
অন্তরিক্ষবিঘ্ননিবারণ	*** *** *** ***	৩৯
দেবতা ও পূজাদ্রব্যশুদ্ধি	*** *** *** ***	৩৯
মন্ত্রশুদ্ধি	*** *** *** ***	৩৯
বহ্নিবেষ্টন	*** *** *** ***	৩৯
দেহ মার্জন	*** *** *** ***	৩৯
আত্মরক্ষা	*** *** *** ***	৪০
প্রাণায়াম	*** *** *** ***	৪০
ভূতশুদ্ধি	*** *** *** ***	৪০
শক্তি	*** *** *** ***	৪১
ব্যাপকন্যাস	*** *** *** ***	৪১
জীবন্যাস	*** *** *** ***	৪১
মাতৃকান্যাস	*** *** *** ***	৪১
করন্যাস	*** *** *** ***	৪১
অঙ্গন্যাস	*** *** *** ***	৪১
বর্ণন্যাস	*** *** *** ***	৪২
অন্তর্মাতৃকান্যাস	*** *** *** ***	৪২
বাহ্যমাতৃকান্যাস-সৃষ্টি ন্যাস	*** *** *** ***	৪৪
বাহ্যমাতৃকান্যাস-সংহার ন্যাস	*** *** *** ***	৪৫
শ্রীগুরু পূজা	*** *** *** ***	৪৫
১। গুরুর ধ্যান	*** *** *** ***	৪৫
২। সদ্গুরুর ধ্যান	*** *** *** ***	৪৬
পঞ্চোপচারে শ্রীগুরু পূজা	*** *** *** ***	৪৬
গুরু প্রণাম	*** *** *** ***	৪৬
পঞ্চদেবতা ও বাণেশ্বরের পূজা	*** *** *** ***	৪৭
গণেশ পূজা	*** *** *** ***	৪৭
সূর্য্য পূজা	*** *** *** ***	৪৭
নারায়ণ পূজা	*** *** *** ***	৪৮

CC-0. Agamnigam Digital Preservation Foundation, Chandigarh.

শিব পূজা	*** *** *** ***	৪৮
লক্ষ্মী, সরস্বতী ও গঙ্গার পূজা	*** *** *** ***	৪৯
বাণেশ্বর শিব পূজা	*** *** *** ***	৪৯
কৌষিকী পূজা	*** *** *** ***	৫০
বিবিধ দেবদেবীর পূজা	*** *** *** ***	৫০
গন্ধাদির অর্চ্চনা	*** *** *** ***	৫০
সূর্য্যার্ঘ দান	*** *** *** ***	৫০
পরমেশ্বরীর ধ্যান	*** *** *** ***	৫১
পীঠদেবতার ন্যাস ও পীঠশক্তির ন্যাস	*** *** *** ***	৫১
ঋষ্যাদিন্যাস	*** *** *** ***	৫২
করন্যাস	*** *** *** ***	৫৩
অঙ্গন্যাস	*** *** *** ***	৫৩
ষড়ঙ্গ পূজা	*** *** *** ***	৫৩
তত্ত্বন্যাস-তত্ত্বমুদ্রা	*** *** *** ***	৫৩
ব্যাপকন্যাস	*** *** *** ***	৫৩
শীতলাদেবীর ধ্যান	*** *** *** ***	৫৩
মানসপূজা	*** *** *** ***	৫৪
দানার্ঘ্যস্থাপন	*** *** *** ***	৫৬
অর্ঘ্যস্থাপন	*** *** *** ***	৫৬
ষড়ঙ্গপূজা	*** *** *** ***	৫৬
বিলোমার্ঘ্য স্থাপন	*** *** *** ***	৫৭
পীঠন্যাস	*** *** *** ***	৫৭
পীঠদেবতা ও পীঠশক্তি পূজা	*** *** *** ***	৫৭
মুণ্ডমালা তন্ত্রোক্ত বিজয়া বা সম্বিদাশোধন-ঋষ্যাদিন্যাস		৫৯
বিজয়া ধ্যানান্তর	*** *** *** ***	৫৯
সমাচার তন্ত্রোক্ত ধ্যান	*** *** *** ***	৬০
বিজয়া শ্বেতপুষ্প শোধন	*** *** *** ***	৬০
বিজয়া রক্তপুষ্প শোধন	*** *** *** ***	৬০
বিজয়া পীতপুষ্প শোধন	*** *** *** ***	৬০
বিজয়া কৃষ্ণপুষ্প শোধন	*** *** *** ***	৬০
সম্বিদাশোধন মন্ত্র (সাধারণ)	*** *** *** ***	৬০
ষড়ঙ্গন্যাস	*** *** *** ***	৬০
বিজয়া দশনাম স্তোত্রম্	*** *** *** ***	৬১

CC-0. Agamnigam Digital Preservation Foundation, Chandigarh.

আনন্দাখ্য স্তব	*** *** *** ***	৬১
ত্রৈলোক্য বিজয়াখ্যা এক বিংশতি নাম স্তত্রম্	*** *** ***	৬১
বিজয়া প্রণাম	*** *** *** ***	৬১
দশদিগ্বন্ধন	*** *** *** ***	৬২
সম্বিদা তর্পন	*** *** *** ***	৬২
সম্বিদা নিবেদন	*** *** *** ***	৬২
সম্বিদা সেবনের মন্ত্র	*** *** *** ***	৬২
দেবীর ধ্যান পরায়ণ জপ	*** *** *** ***	৬৩
কারণ শোধন	*** *** *** ***	৬৩
কলসপূজা	*** *** *** ***	৬৩
কারণ পূজা	*** *** *** ***	৬৩
পঞ্চীকরণ	*** *** *** ***	৬৩
শুক্রশাপ শোধন	*** *** *** ***	৬৫
ব্রহ্মশাপ শোধন	*** *** *** ***	৬৫
কৃষ্ণশাপ শোধন	*** *** *** ***	৬৫
তিরষ্করিণীর ধ্যান	*** *** *** ***	৬৫
আনন্দভৈরবের ধ্যান	*** *** *** ***	৬৬
আনন্দভৈরবীর ধ্যান	*** *** *** ***	৬৬
শুদ্ধিশোধন	*** *** *** ***	৬৭
মাংস শোধন	*** *** *** ***	৬৭
মৎস্য শোধন	*** *** *** ***	৬৭
মুদ্রা শোধন	*** *** *** ***	৬৭
যোনিমুদ্রায় শক্তি শোধন	*** *** *** ***	৬৮
শক্তিশোধন	*** *** *** ***	৬৮
শক্তির ভূতশুদ্ধি	*** *** *** ***	৬৮
শক্তির মাতৃকান্যাস	*** *** *** ***	৬৮
পুনঃ ঋষ্যাদিন্যাস	*** *** *** ***	৬৮
পুনঃ করন্যাস	*** *** *** ***	৬৮
পুনঃ অঙ্গন্যাস	*** *** *** ***	৬৮
শক্তি হৃদয়ে জপ	*** *** *** ***	৬৮
কুণ্ডগোলাদি শোধন	*** *** *** ***	৬৯
কুন্ডপুষ্প শোধন	*** *** *** ***	৬৯
গোলপুষ্প শোধন	*** *** *** ***	৬৯

CC-0. Agamnigam Digital Preservation Foundation, Chandigarh.

—ঃ সূচীপত্র ঃ—

স্বয়ম্ভূকুসুম শোধন *** *** *** *** ৬৯
বজ্রপুষ্প শোধন *** *** *** *** ৬৯
সর্বকালোদ্ভবপুষ্প *** *** *** *** ৭০
গোপীচন্দন শোধন *** *** *** *** ৭০
পুষ্পগ্রহণ পদ্ধতি *** *** *** *** ৭০
ঋষ্যাদিন্যাস-করন্যাস-অঙ্গন্যাস *** *** *** *** ৭০
শুদ্ধ মন্ত্রৌষধি গ্রহণবিধি *** *** *** *** ৭১
সর্বদ্রব্য শোধন *** *** *** *** ৭১
করযোড়ে শক্তির দিকে তাকিয়ে পাঠ *** *** *** *** ৭১
শ্রীপাত্রস্থাপন *** *** *** *** ৭১
ষট্‌কোণের পূজা *** *** *** *** ৭২
ত্রিকোন পূজা *** *** *** *** ৭২
দশকলার আধার পূজা *** *** *** *** ৭২
ষট্‌কোণের পূজা *** *** *** *** ৭২
দ্বাদশকলার পাত্র পূজা *** *** *** *** ৭৩
ষট্‌কোণের পূজা *** *** *** *** ৭৩
ত্রিকোণের পূজা *** *** *** *** ৭৩
ষোড়শকলার পূজা *** *** *** *** ৭৩
পঞ্চাশৎকলার পূজা *** *** *** *** ৭৪
ভগাঙ্কুর স্পর্শ করিয়া যোনি পীঠে সচন্দন পুষ্প প্রদান ৭৫
অতঃপর আচমন *** *** *** *** ৭৬
ত্রিকোন পূজা *** *** *** *** ৭৭
ষট্‌কোণের পূজা *** *** *** *** ৭৭
পুনঃ আনন্দভৈরব ও আনন্দভৈরবীর ধ্যান*** *** *** *** ৭৭
অর্ঘ্য স্পর্শ করিয়া পাঠ *** *** *** *** ৭৭
পঞ্চরত্নের পূজা *** *** *** *** ৭৮
পঞ্চোপচারে আনন্দভৈরব পূজা *** *** *** *** ৭৮
আনন্দভৈরবের তর্পন *** *** *** *** ৭৮
পঞ্চোপচারে আনন্দভৈরবীর পূজা *** *** *** *** ৭৮
আনন্দভৈরবীর তর্পন *** *** *** *** ৭৮
পুষ্পাঞ্জলি *** *** *** *** ৭৯
নবপাত্র ও বলিপাত্র *** *** *** *** ৭৯
গুরু পাত্রাদি স্থাপন *** *** *** *** ৮০

CC-0. Agamnigam Digital Preservation Foundation, Chandigarh.

—ঃ সূচীপত্র ঃ—

প্রার্থনা	*** *** *** ***	৮০
রক্তচন্দনে তর্পন	*** *** *** ***	৮০
কারণ তর্পন	*** *** *** ***	৮১
তত্ত্বশুদ্ধি বা সপ্তঋচা	*** *** *** ***	৮২
তত্ত্বস্বীকার	*** *** *** ***	৮৩
বিন্দুস্বীকার	*** *** *** ***	৮৩
বলিপ্রয়োগ	*** *** *** ***	৮৪
বলিপাত্র	*** *** *** ***	৮৪
বলিপূজা ও নিবেদন	*** *** *** ***	৮৪
বটুকের ধ্যান ও পূজা	*** *** *** ***	৮৪
যোগিনীর ধ্যান ও পূজা	*** *** *** ***	৮৫
ক্ষেত্রপালের ধ্যান ও পূজা	*** *** *** ***	৮৫
গণেশের ধ্যান ও পূজা	*** *** *** ***	৬
সর্ব্বভূতের পূজা	*** *** *** ***	৮৭
শিবাবলি	*** *** *** ***	৮৭
পঞ্চোপচারে ঐ মণ্ডলে ইষ্টপূজা	*** *** *** ***	৮৭
শিবাকর্ষন মন্ত্র	*** *** *** ***	৮৮
পূর্ণশান্তি স্তোত্রম্	*** *** *** ***	৮৮
পুনঃ প্রাণায়াম	*** *** *** ***	৮৯
পুনঃ ঋষ্যাদিন্যাস	*** *** *** ***	৮৯
পুনঃ করন্যাস	*** *** *** ***	৮৯
পুনঃ অঙ্গন্যাস	*** *** *** ***	৮৯
পুনঃ ধ্যান (শীতলাদেবীর ধ্যান)	*** *** *** ***	৮৯
প্রার্থনা	*** *** *** ***	৯০
পঞ্চমুদ্রায় আবাহন ও পূজা	*** *** *** ***	৯০
পঞ্চমুদ্রায় প্রাণপ্রতিষ্ঠা	*** *** *** ***	৯০
দেবীর প্রার্থনা	*** *** *** ***	৯১
পুনঃ ধ্যান (শীতলাদেবীর ধ্যান)	*** *** *** ***	৯১
ষড়ঙ্গপূজা	*** *** *** ***	৯১
করন্যাস	*** *** *** ***	৯১
অঙ্গন্যাস	*** *** *** ***	৯২
পুনঃ ধ্যান (শীতলাদেবীর ধ্যান)	*** *** *** ***	৯২
ষোড়শোপচার নিবেদন	*** *** *** ***	৯২

CC-0. Agamnigam Digital Preservation Foundation, Chandigarh.

—ঃ সূচীপত্র ঃ—

পুষ্পাঞ্জলি	*** *** *** ***	৯৮
শুদ্ধ্যাসব নিবেদন	*** *** *** ***	৯৮
পুষ্পাঞ্জলি	*** *** *** ***	১০০
বন্দনা	*** *** *** ***	১০১
পুষ্পাঞ্জলি (৫বার)	*** *** *** ***	১০১
শীতলাদেবীর প্রণাম মন্ত্র	*** *** *** ***	১০১
পঞ্চোপচারে আবরণ পূজা	*** *** *** ***	১০২
অন্নপূর্ণাদেবীর ষড়ঙ্গ পূজা	*** *** *** ***	১০২
গুরুপংক্তি পূজা	*** *** *** ***	১০৪
দিব্যৌঘগুরু পূজা	*** *** *** ***	১০৪
সিদ্ধৌঘগুরু পূজা	*** *** *** ***	১০৫
মানবৌঘগুরু পূজা	*** *** *** ***	১০৭
শ্রীগুরুর ধ্যান ও পূজা	*** *** *** ***	১০৮
পরমগুরু ধ্যান ও পূজা	*** *** *** ***	১০৯
পরাপরগুরু ধ্যান ও পূজা	*** *** *** ***	১০৯
পরমেষ্ঠিগুরু ধ্যান ও পূজা	*** *** *** ***	১১০
ভৈরবঋষির পূজা	*** *** *** ***	১১০
অষ্টশক্তির পূজা	*** *** *** ***	১১১
অষ্টভৈরবের ধ্যান ও পূজা	*** *** *** ***	১১৩
অষ্টভৈরবের প্রণাম মন্ত্র	*** *** *** ***	১১৭
দশদিক্‌পাল (দশদিক্ পতি) -র পূজা	*** *** *** ***	১১৭
দিকপালাস্ত্র পূজা	*** *** *** ***	১২৩
ঘণ্টাকর্ণের পঞ্চোপচারে পূজা	*** *** *** ***	১২৫
ঘণ্টাকর্ণের প্রণাম মন্ত্র	*** *** *** ***	১২৫
রাসভের পূজা	*** *** *** ***	১২৫
দেব্যস্ত্র পূজা	*** *** *** ***	১২৬
ধ্যান	*** *** *** ***	১২৬
প্রণাম মন্ত্র	*** *** *** ***	১২৬
লক্ষ্মার ধ্যান ও পূজা	*** *** *** ***	১২৬
লক্ষ্মার প্রণাম মন্ত্র	*** *** *** ***	১২৭
সরস্বতীর ধ্যান ও পূজা	*** *** *** ***	১২৭
সরস্বতীর প্রণাম মন্ত্র	*** *** *** ***	১২৭
মনসার ধ্যান ও পূজা	*** *** *** ***	১২৮

CC-0. Agamnigam Digital Preservation Foundation, Chandigarh.

মনসার প্রণাম	*** *** *** ***	১২৮
গঙ্গার ধ্যান ও পূজা	*** *** *** ***	১২৮
গঙ্গার প্রণাম মন্ত্র	*** *** *** ***	১২৯
পঞ্চাননের ধ্যান ও পূজা	*** *** *** ***	১২৯
পঞ্চাননের প্রণাম মন্ত্র	*** *** *** ***	১৩০
জ্বরাসুরের ধ্যান ও পূজা	*** *** *** ***	১৩০
জ্বরাসুরের প্রণাম মন্ত্র	*** *** *** ***	১৩০
রক্তাবতীর ধ্যান ও পূজা	*** *** *** ***	১৩১
রক্তাবতীর প্রণাম মন্ত্র	*** *** *** ***	১৩১
মাতৃকা পূজা	*** *** *** ***	১৩১
বসন্তাদি ও সর্ব্বরোগাদির পূজা	*** *** *** ***	১৩২
প্রণাম মন্ত্র	*** *** *** ***	১৩২
পুনঃ ঘণ্টাকর্ণকে বিশেষভাবে ষোড়শোপচারে নিবেদন		১৩৪
পুনঃ দেবী পূজা	*** *** *** ***	১৩৯
প্রণাম	*** *** *** ***	১৩৯
ভোগ নিবেদন	*** *** *** ***	১৪০
পঞ্চপুষ্পাঞ্জলি	*** *** *** ***	১৪০
দেবীর বলি নিবেদন	*** *** *** ***	১৪০
ঘণ্টাকর্ণের বলি নিবেদন	*** *** *** ***	১৪১
ছাগবলি	*** *** *** ***	১৪১
ভূতাপসারণ	*** *** *** ***	১৪১
পুষ্পদ্বারা পঞ্চোপচারে পশু পূজা	*** *** *** ***	১৪১
পশুকর্ণে মন্ত্রপাঠ	*** *** *** ***	১৪১
খড়্গপূজা	*** *** *** ***	১৪১
পশুচ্ছেদন	*** *** *** ***	১৪২
বলি উৎসর্গ	*** *** *** ***	১৪২
বায়ুকোণে বটুকের রুধির বলি	*** *** *** ***	১৪২
ঈশানকোণে যোগিনীদের রুধির বলি	*** *** *** ***	১৪২
নৈর্ঋতকোণে ক্ষেত্রপালের রুধির বলি	*** *** *** ***	১৪২
অগ্নিকোণে গণেশের রুধির বলি	*** *** *** ***	১৪২
দীপমালা উৎসর্গ	*** *** *** ***	১৪৩
আরাত্রিক	*** *** *** ***	১৪৩
তান্ত্রিক হোম	*** *** *** ***	১৪৩

CC-0. Agamnigam Digital Preservation Foundation, Chandigarh.

প্রাণায়াম	*** *** *** ***	১৪৩
করন্যাস	*** *** *** ***	১৪৪
অঙ্গন্যাস	*** *** *** ***	১৪৪
জপরহস্য ও জপসমর্পন-বিধি	*** *** *** ***	১৪৪
শীতলা দেবীর পুর্ণ মন্ত্র	*** *** *** ***	১৪৪
শীতলা দেবীর পুনর্ধ্যান	*** *** *** ***	১৪৪
শীতলা দেবীর স্তোত্রম্	*** *** *** ***	১৪৪
শীতলা দেবীর কবচম্	*** *** *** ***	১৪৫
প্রণাম	*** *** *** ***	১৪৫
শ্রীপাত্রার্ঘ্য দেবীর পদে দান	*** *** *** ***	১৪৫
সামান্যার্ঘ্য দেবীর মস্তকে দান	*** *** *** ***	১৪৫
দক্ষিণা	*** *** *** ***	১৪৬
অচ্ছিদ্রাবধারণ	*** *** *** ***	১৪৬
বৈগুণ্য সমাধান	*** *** *** ***	১৪৬
জলগন্ডুষ	*** *** *** ***	১৪৭
ভস্মতিলক ধারণ	*** *** *** ***	১৪৭
বিসর্জন কর্ম	*** *** *** ***	১৪৭
সংহার মুদ্রায় ঘটস্থিত নির্মাল্যপুষ্প আঘ্রাণ	*** *** ***	১৪৭
উচ্ছিষ্ঠচাণ্ডালিনী পূজা	*** *** *** ***	১৪৭
চক্রানুষ্ঠান	*** *** *** ***	১৪৮
শান্তিস্তোত্রম্	*** *** *** ***	১৪৮
শান্তিমন্ত্র	*** *** *** ***	১৪৮
সিদ্ধিবিদ্যাসাধন	*** *** *** ***	১৪৯
বীর্য্যস্তম্ভন ক্রীয়া	*** *** *** ***	১৫৬
বিভিন্ন প্রকার মন্ত্রসাধনের পদ্ধতি	*** *** *** ***	১৫৬
এই লেখকের আশু প্রকাশিত গ্রন্থ সমূহ	*** *** *** ***	১৫৮

—ঃ সূচীপত্র সমাপ্তম্ ঃ—

CC-0. Agamnigam Digital Preservation Foundation, Chandigarh.

পুস্তক সম্বন্ধে আমার সাবধান বাণী

এই পূজার অধিকারী না হইলে এবং সদ্‌গুরুর পরামর্শ ও নির্দেশ না পাইয়া কেহ কোন পূজা বা সাধনার অধিকারী হইতে পারেন না। গুরু ভিন্ন এবং নিজের প্রিয় শিষ্য ব্যতীত অর্থাৎ উপযুক্ত ব্যাক্তি ব্যতীত এই গ্রন্থের সন্ধান বা আলোচনা করা উচিত নহে। যথাতথা এই পুস্তক অবহেলার সহিত রাখিলে বা নিত্য পূজা বা অর্চনা না করিয়া গৃহমধ্যে রাখিলে বিপদ ঘটিতে পারে। ইহার প্রত্যক্ষ প্রমাণ পাওয়া গিয়াছে ইতিমধ্যেই। পুস্তক নিজবাস গৃহের পবিত্রতম স্থানে রাখিয়া বা ইষ্টপূজার স্থানে রাখিয়া নিত্য পূজা দেওয়া যেকোনও ব্যক্তি বা সাধকের একান্ত কর্ম। এই কথা পুস্তক নেওয়ার পর অবশ্য অবশ্যই খেয়াল রাখিতে হইবে। তন্ত্রের উচ্চপর্যায়ে না গিয়া বা কোন পর্যায়ে কোন পূজার অধিকারী তাহা কেবলমাত্র সদ্‌গুরুর পরামর্শ ও নির্দেশ লইয়া করিতে হইবে।

CC-0. Agamnigam Digital Preservation Foundation, Chandigarh.

বৃহৎ তন্ত্রোক্ত শীতলা পূজা পদ্ধতি

সাধকের সর্ব্বপ্রথম কর্ত্তব্য ঃ— প্রাতঃকৃত্য, ১। শয্যাশোধন, ২। 'ফট' মন্ত্রে দশদিক বন্ধন, গুরুধ্যান ও সহস্রারে গুরুচিন্তা, মানসপূজা, গুরুপ্রণাম, স্তব স্তোত্র পাঠ, গুরুবীজ জপ ও জপ সমর্পন (পূর্ণাভিষিক্ত হলে পাদুকামন্ত্র এবং পাদুকা পাঠ) করিতে হইবে।

সাধক রক্তবস্ত্র অথবা নিজ নিজ সম্প্রদায় ভেদে বস্ত্র পরিধান করিয়া যুবতী বেশে ললাটে সিন্দুর দিয়া তাম্বুল পুরিত মুখে গন্ধমাল্যানুলেপনযুক্তঃ হইয়া রাত্র ৯.৪৫ মিনিটে পূজা আরম্ভ করিবার নিমিত্ত দেবীগৃহে বামপদ অগ্রসর হইয়া পাদুকা পঞ্চক স্তোত্র পাঠ করিতে করিতে দেবীগৃহে প্রবেশ করিবেন।

যথা— পাদুকাপঞ্চকস্তোত্রম্—

আদি-কাদি কিল-থাদি তারকং, বর্ণমণ্ডলমখণ্ড সিদ্ধিদম্।
অন্তরুল্লসিত হক্ষলাক্ষরং, লক্ষয়ন্তি পশবঃ কথং শিবে।।১।।
ব্রহ্মরন্ধ্র সরসীরূহোদরে নিত্যলগ্নমবদাতমদ্ভুতম্।
কুণ্ডলীবিবর কাণ্ডমণ্ডিতং দ্বাদশার্ণসরসীরূহং ভজে।।২।।
তস্য কন্দলিত কর্ণিকাপুটেক্লীপ্তরেখমকথাদিরেখয়া।
কোণ লক্ষিত হ-ল-ক্ষ-মণ্ডলী ভাবলক্ষমবলালয়ং ভজে।।৩।।
তৎপুটে পটু তড়িৎ কড়ারিমস্পর্ধমান মণিপাটলপ্রভম্।
চিন্তয়ামি হৃদি চিন্ময়ং বপুর্নাদবিন্দু-মণি-পীঠমণ্ডলম্।।৪।।
ঊর্ধ্বমস্য হুতভৃক্শিখাসখং (ত্রয়ং) তদ্বিলাস-পরিবৃংহণাস্পদম্।
বিশ্বঘস্মরমহোৎ সদোৎকটং (মহোচ্চিদোৎকটং)
ব্যামৃষ্যামি যুগমাদিহংসয়োঃ।।৫।।
তত্রনাথচরণারবিন্দয়োঃ কুঙ্কুমাসবঝরীমরন্দয়োঃ ।
দ্বন্দ্বমিন্দুমকরন্দশীতলং মানসং স্মরতি মঙ্গলাস্পদম্।।৬।।
নিসক্তমণি-পাদুকানিয়মিতাঘকোলাহলং,
স্ফুরৎকিশলয়ারুণং নখসমুল্লসচ্চন্দ্রকম্।

CC-0. Agamnigam Digital Preservation Foundation, Chandigarh.

পরামৃত সরোবরোদিত সরোজসদ্রোচিষং,
ভজামি শিরসি স্থিতং শ্রীগুরুপদারবিন্দদ্বয়ম্।।৭ ।।
পাদুকাপঞ্চকস্তোত্রং পঞ্চবক্ত্রাদ্ বিনির্গতম্।
ষড়াম্নায়ফলপ্রাপ্তং প্রপঞ্চে চাতিদুর্লভম্।।৮ ।।

—ইতি মাতৃকাভেদ তন্ত্রে শ্রীগুরুপাদুকাপঞ্চক স্তোত্রং সমাপ্তম্।।

তৎপর আসনে উপবেশন পূর্ব্বক পাদুকা জপ—

জপসমাপন যথা—

ওঁ গুহ্যাতি গুহ্য গোপ্তা ত্বং গৃহানাস্মৎকৃতং জপম্।
সিদ্ধির্ভবতু মে দেব ত্বং প্রসাদাৎ মহেশ্বরী।।



আচমন - ওঁ হ্রীং আত্মতত্ত্বায় স্বাহা।
ওঁ হ্রীং বিদ্যাতত্ত্বায় স্বাহা।
ওঁ হ্রীং শিবতত্ত্বায় স্বাহা।
মূলমন্ত্রে তত্ত্বমুদ্রায় মাটিতে ৩বার ও নিজ মস্তকে ৭ বার জলের ছিটা দিবে।

আচমন - ওঁ তৎ সৎ, ওঁ তৎ সৎ, ওঁ তৎ সৎ।
(ব্রহ্ম মন্ত্রে অধিকারীর ক্ষেত্রে প্রযোজ্য)।

করযোড়ে পাঠ -



ওঁ হ্রীং ওঁ দেবী তৎ প্রাকৃতং চিত্তং পাপকক্রান্তমভূন্মম।
তন্নিঃসারয় চিত্তান্মে পাপং হূঁ ফট্ চ তে নমঃ।।
ওঁ সূর্যঃ সোমো যমঃ কালো মহাভূতানি পঞ্চ চ।
এতে শুভাশুভস্যেহ কর্মণো নব সাক্ষিণঃ।।

পাঠ - ওঁ তদ্বিষ্ণোঃ পরমং পদং সদা পশ্যন্তি সূরয়ঃ, দিবীব চক্ষুরাততম্।
ওঁ অপবিত্রঃ পবিত্রো বা সর্বাবস্থাং গতোহপি বা।
যঃ স্মরেৎ পুন্ডরীকাক্ষং স বাহ্যাভ্যন্তরঃ শুচিঃ।।

শিখাবন্ধন - পূর্বে শিখাবন্ধন না করিয়া থাকিলে দ্বিজ মূলমন্ত্র বা গায়িত্রী পাঠ পূর্বক শিখাবন্ধন করিবেন। স্মৃতিতে স্ত্রীলোক ও শূদ্রের পক্ষে শিখাবন্ধন মন্ত্র যথা, —

'ব্রহ্মবাণী সহস্রাণি শিববাণী শতানি চ।
বিষ্ণোর্নাম সহস্রেণ শিখাবন্ধনং করোম্যহম্।।

